



গৃহায়নই উন্নয়নের কেন্দ্র

২০১৬

বিশ্ব বসতি দিবস



গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার





গৃহায়নই উন্নয়নের কেন্দ্র
Housing at the Centre



বিশ্ব বসতি দিবস ২০১৬
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়





October 3

**World
Habitat**

Day **Housing at
the Centre**

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ



রাষ্ট্রপতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
ঢাকা।

১৮ আধুন ১৪২৩
০৩ অক্টোবর ২০১৬

বাণী

বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও যথাযোগ্য মর্যাদায় বিশ্ব বসতি দিবস উদ্‌যাপিত হচ্ছে জেনে আমি আনন্দিত।

জীবনের কেন্দ্রবিন্দুতে বসতির অবস্থান অত্যন্ত সুদৃঢ়। বসতিকে ঘিরেই আবর্তিত হয় মানুষের জীবন ও অন্যান্য কর্মকাণ্ড। বসতি মানুষের মৌলিক চাহিদা। তাই নগরায়নের যুগে সব মানুষের জন্য পরিকল্পিত, নিরাপদ, টেকসই আবাসনের ব্যবস্থা করা খুবই জরুরী। বসতির মতো একটি গুরুত্বপূর্ণ ইস্যুকে উন্নয়ন পরিকল্পনার কেন্দ্রে স্থান দেয়ার বিষয়ে গুরুত্বারোপ করে বিশ্ব বসতি দিবসে এবারের প্রতিপাদ্য 'Housing at the Centre' যথাযথ ও সময়োপযোগী হয়েছে বলে আমি মনে করি।

বর্তমান সরকার সকল নাগরিকের জন্য আবাসন নিশ্চিত করার লক্ষ্যে কাজ করে যাচ্ছে। আশা করি নিদ্রা আয়ের মানুষ এবং বস্তিবাসী থেকে শুরু করে স্বল্পবিত্ত, মধ্যবিত্ত ও সমাজের সকল শ্রেণী-পেশার বাসস্থান সংক্রান্ত মৌলিক অধিকার নিশ্চিতকল্পে আবাসন ক্ষেত্রে অগ্রগতির এ ধারা ভবিষ্যতেও অব্যাহত থাকবে। সবার জন্য বসতি নিশ্চিত করতে সরকারের পাশাপাশি বেসরকারি খাতের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। নগর, গ্রাম নির্বিশেষে প্রতিটি জায়গায়ই যাতে পরিকল্পিতভাবে বসতি স্থাপন করা হয় এবং জমির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত হয় তা নিশ্চিত করতে হবে। এছাড়া পরিবেশের বিষয়কেও সর্বোচ্চ অগ্রাধিকার দিতে হবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নিবেন বলে আমার বিশ্বাস। বিশ্ব বসতি দিবসের প্রতিপাদ্য বিষয় এ কাজে আমাদেরকে উৎসাহিত করবে এবং অনুপ্রেরণা যোগাবে। আমি নিরাপদ, টেকসই আবাসন নিশ্চিত করার মাধ্যমে মানুষের জন্য নিশ্চিত ভবিষ্যৎ গড়ার লক্ষ্যে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানাই।

আমি বিশ্ব বসতি দিবস ২০১৬ উপলক্ষে আয়োজিত কর্মসূচির সফলতা কামনা করি।

খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ আবদুল হামিদ



October 3

**World
Habitat**

Day Housing at
the Centre

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ



প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১৮ আশ্বিন ১৪২৩
০৩ অক্টোবর ২০১৬

বাণী

বিশ্বের অন্যান্য দেশের মত বাংলাদেশেও 'বিশ্ব বসতি দিবস' উদ্‌যাপন করা হচ্ছে জেনে আমি আনন্দিত। দিবসটির এবারের প্রতিপাদ্য 'Housing at the Centre' অত্যন্ত সমরোপযোগী হয়েছে বলে আমি মনে করি।

বিগত প্রায় সাড়ে সাত বছরে আওয়ামী লীগ সরকার গৃহায়ন সংকট নিরসনকল্পে অনুকূল ও সহায়ক পরিবেশ সৃষ্টির লক্ষ্যে যথাযথ পরিকল্পনা ও ব্যবস্থাপনার মাধ্যমে সকল নাগরিকের জন্য গৃহায়ন ব্যবস্থা সহজলভ্য করতে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। ভূমির পরিকল্পিত ও সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে বিভিন্নমুখী কর্মসূচি বাস্তবায়ন করেছে। হাতিরখিল এলাকার সমন্বিত উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করেছে, যার ফলে ঢাকার সৌন্দর্য বৃদ্ধির পাশাপাশি জলাবদ্ধতা নিরসনসহ সংশ্লিষ্ট এলাকার যোগাযোগের ক্ষেত্রেও আমূল পরিবর্তন সাধিত হয়েছে। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ ও অঞ্চলভিত্তিক উন্নয়ন কর্তৃপক্ষ পর্যাপ্ত উন্নুক্ত স্থান নিশ্চিত করে রাজধানী ঢাকাসহ বিভাগীয় শহরগুলোতে নাগরিক সুবিধা সম্বলিত পরিকল্পিত আবাসন ও নগরায়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। এছাড়াও জেলা ও উপজেলা পর্যায়ে সব শ্রেণি পেশার মানুষের জন্য পরিকল্পিত আবাসিক প্রকল্প গ্রহণ করা হয়েছে।

আমাদের সরকার ২০২১ সালের মধ্যে সবার জন্য সুপরিকল্পিত আবাসন নিশ্চিতকরণের লক্ষ্যে বদ্ধপরিকর। গৃহায়নের ক্ষেত্রেও সরকারি-বেসরকারি অংশীদারিত্বের ভিত্তিতে প্রকল্প গ্রহণ করেছে। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে বাংলাদেশের সকল উন্নয়ন পরিকল্পনায় গৃহায়ন ও আবাসন খাতকে যথোচিত গুরুত্ব প্রদান করা হয়েছে। বিশ্বব্যাপী নগরায়ন পরিকল্পনার নতুন কর্মসূচিতে গৃহায়নকে উন্নয়নের কেন্দ্রে স্থান দেওয়ার জন্য যে আহ্বান জানানো হয়েছে, তারসাথে বাংলাদেশে ইতোমধ্যে গৃহীত এ সংক্রান্ত কার্যক্রম একান্তভাবেই সামঞ্জস্যপূর্ণ।

বিশ্ব বসতি দিবস ২০১৬ উপলক্ষে সরকারি-বেসরকারি উদ্যোগের পাশাপাশি উন্নয়ন সহযোগীদের প্রাকৃতিক সৌন্দর্য রক্ষা করে পরিকল্পিত নগরায়ন সৃষ্টিতে এগিয়ে আসার আহ্বান জানাই।

আমি আশা করি, সকলের সমন্বিত প্রচেষ্টায় বাংলাদেশকে আগামী প্রজন্মের জন্য একটি সুন্দর ও পরিকল্পিত বাসযোগ্য নগরীতে পরিণত করতে সক্ষম হবে।

আমি বিশ্ব বসতি দিবস ২০১৬ উপলক্ষে গৃহীত সকল কর্মসূচির সার্বিক সাফল্য কামনা করছি।

জয়বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরঞ্জীবী হোক।

শেখ হাসিনা



October 3

**World
Habitat**

Day Housing at
the Centre



মন্ত্রী
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

১৮ আশ্বিন ১৪২৩
০৩ অক্টোবর ২০১৬


বাণী

বিশ্বের অন্যান্য দেশের মত বাংলাদেশেও যথাযথ গুরুত্বের সাথে বিশ্ব বসতি দিবস ২০১৬ উদযাপন করা হচ্ছে। এ বছরে দিবসের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে Housing at the Centre, যার বাংলারূপ দেওয়া হয়েছে 'গৃহায়নই উন্নয়নের কেন্দ্র'। বাংলাদেশের প্রেক্ষাপটে গৃহায়নের মত মৌলিক বিষয়কে উন্নয়নের কেন্দ্র হিসেবে নির্ধারণ করা অত্যন্ত সমরোপযোগী হয়েছে বলে আমি মনে করি। এ প্রতিপাদ্য স্বাস্থ্যসম্মত আবাসন গড়ে তোলা এবং পরিবেশবান্ধব নগরায়নের পরিকল্পনা গ্রহণে সকলকে অনুপ্রাণিত করবে বলে আমার বিশ্বাস।

বাসস্থান মানুষের মৌলিক অধিকার। বাংলাদেশের সংবিধানেও বাসস্থানকে মৌলিক অধিকার হিসেবে স্বীকৃতি দেওয়া হয়েছে। এ অধিকার প্রতিষ্ঠায় বর্তমান সরকার সুনির্দিষ্ট লক্ষ্য অর্জনে বাস্তবমুখী কর্মপরিকল্পনা গ্রহণ করেছে। এ পরিকল্পনার আওতায় মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার যোগ্য সবার জন্য আবাসনের লক্ষ্য অর্জনে সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সরকারের রূপকল্প ২০২১ এর আলোকে আবাসন খাতের উন্নয়নে সরকারি উদ্যোগের সাথে বেসরকারি সংস্থাসমূহকে সম্পৃক্ত করা হয়েছে। একইসাথে পরিবেশবান্ধব গৃহায়নের বিষয়কেও গুরুত্ব দেওয়া হচ্ছে।

দেশের আর্থসামাজিক অগ্রগতির সাথে সাথে ব্যাপকভাবে নগরায়ন ও শিল্পায়ন হচ্ছে। এজন্য গড়ে উঠছে নতুন নতুন অবকাঠামো। কিন্তু আমাদের মনে রাখতে হবে উন্নয়নের মূল লক্ষ্য হচ্ছে মানুষের জীবনমানের ইতিবাচক পরিবর্তন আনা। অপরিকল্পিত উন্নয়ন কর্মসূচি মানুষের স্বাভাবিক, সুন্দর ও স্বাস্থ্যসম্মত জীবনমানে বিরূপ প্রভাব ফেলে এবং তা টেকসই হয় না। একইসাথে তা মানুষের আবাসন ব্যবস্থাকেও ক্ষতিগ্রস্ত করে। নগরায়নের ক্ষেত্রে সুষ্ঠু পরিকল্পনা ও তার যথাযথ বাস্তবায়নই পরিবেশবান্ধব, স্বাস্থ্যসম্মত ও মানসম্পন্ন আবাসন এবং সর্বোত্তম নাগরিক সুবিধার নিশ্চয়তা দিতে পারে। এ লক্ষ্য অর্জনে আমি গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের পরিকল্পনা বাস্তবায়নে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করছি। একইসাথে বেসরকারি পর্যায়েও সুষ্ঠু ও বাস্তবমুখী পরিকল্পনা গ্রহণের বিষয়ে সকলকে সজাগ থাকার আহ্বান জানাচ্ছি।

আমি বিশ্ব বসতি দিবস ২০১৬ এর সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি।


ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন এমপি



October 3
World
Habitat
Day **Housing at**
the Centre



সভাপতি

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
সম্পর্কিত স্থায়ী কমিটি
সংসদ ভবন, ঢাকা।

১৮ আশ্বিন ১৪২৩
০৩ অক্টোবর ২০১৬

বাণী

আবাসন প্রাপ্তি মানুষের অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি মৌলিক অধিকার। তাই মানুষের আবাসনের চিন্তা কোনো অলীক স্বপ্ন নয়, এ এক পরম বাস্তবতা। একটি সুন্দর আবাসন আমাদের হৃদয়কে প্রসারিত করে সকল কুপ্রয়োচনা থেকে মুক্ত রাখে। বিশ্ব বসতি দিবস বার বারই সে স্বপ্ন নিয়ে আমাদের মাঝে ফিরে আসে এবং স্মরণ করিয়ে দেয়। এ বছর বিশ্ব বসতি দিবসের প্রতিপাদ্য হলো 'Housing at the Centre' যার অন্তর্নিহিত বক্তব্য ব্যাপক। এটাকে শুধু মানুষের জন্য আবাসনের মাঝে আটকে রাখলে ভুল হবে। কারণ একটি সুন্দর আবাসনের চিন্তা মানুষকে একটি সুন্দর জীবনের স্বপ্ন দেখায়। বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী এদেশের সকল শ্রেণির জনগণের জন্য নিরাপদ, টেকসই এবং স্বাস্থ্যসম্মত আবাসনের ব্যবস্থা করার উদ্যোগ গ্রহণ করেছেন এবং এ লক্ষ্যে সমস্যা দূর করার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। আদর্শ গৃহায়ন বা আদর্শ বসতি অর্থ ও ধু মাথা পোঁজার ঠাই নয়, একে পরিবেষ্টন করে থাকবে প্রকৃতি, নির্মল পরিবেশ, খেলার মাঠ, উন্মুক্ত দিগন্ত। মোট কথা মানুষের আবাসন হবে স্বপ্নেরা এক পরম বাস্তবতা।

জাতিসংঘের ঘোষিত বিশ্ব বসতি দিবস, ২০১৬ এর প্রতিপাদ্য আমাদেরকে নতুন করে তাগিদ দিচ্ছে যেন জাতীয় পর্যায়ে উন্নয়ন কৌশল প্রণয়নে এবং পরিকল্পিত নগরায়নের ক্ষেত্রে আমরা গৃহায়নকে কেন্দ্রবিন্দুতে স্থান দেই এবং সে লক্ষ্যে সকল কর্মপরিকল্পনা বাস্তবায়ন করি।

বর্তমান গণতান্ত্রিক সরকার জাতির জনক বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা শেখ হাসিনার নেতৃত্বে সে লক্ষ্যেই এগিয়ে চলেছে। বিশ্ব বসতি দিবস ২০১৬ এবং এ সম্পর্কিত সকল উদ্যোগ সফল হোক, সার্থক হোক এবং এ দেশের প্রতিটি গৃহ জঙ্গীবাদ দমন ও অন্যায় প্রতিরোধের দূর্গ হিসেবে গড়ে উঠুক আজকের দিনে এ কামনাই করছি।

আলহাজ্ব মোঃ দবিরুল ইসলাম
আলহাজ্ব মোঃ দবিরুল ইসলাম এমপি



October 3
World
Habitat
Day **Housing at**
the Centre



সচিব
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

১৮ আশ্বিন ১৪২৩
০৩ অক্টোবর ২০১৬

বাণী

বিশ্ব বসতি দিবস, ২০১৬-র প্রতিপাদ্য বিষয় হলো 'Housing at the Centre' যার বাংলারূপ 'গৃহায়নই উন্নয়নের কেন্দ্র'। এ কথাটির মধ্যে অনেক গুরুত্বপূর্ণ ইঙ্গিত লুকিয়ে আছে। একজন মানুষের পরিপূর্ণ বিকাশের জন্য যা যা প্রয়োজন, তার সবই থাকবে আধুনিক বসতি বা আবাসন ব্যবস্থায়। মানুষের শারীরিক, মানসিক এবং মনোজাগতিক বিকাশের সহায়ক হবে এ আধুনিক আবাসস্থল। এখানে থাকবে সুন্দর, সুনির্মল পরিবেশ, নিরাপত্তা ও নিশ্চয়তাসহ জীবনের সকল ধরনের আধুনিক সুযোগ সুবিধা। আবাসন হবে মানুষের নিরাপদ অবস্থান ও বেড়ে ওঠার সর্বোত্তম আশ্রয়; যাকে পরিবেষ্টন করে থাকবে খোলামেলা আকাশ, মাঠ আর প্রকৃতি। মূলত আধুনিক আবাসন হবে মানুষের সর্বোত্তম আশ্রয়স্থল বা কেন্দ্রবিন্দু। বর্তমান বছরের বসতি দিবসের প্রতিপাদ্য বিষয়ে এ বিষয়গুলো ছাড়াও জাতীয় পর্যায়ে উন্নয়ন কৌশল নির্ধারণ ও নগরায়নের ক্ষেত্রে পরিকল্পিত, টেকসই আবাসন ব্যবস্থাকে উন্নয়ন ও জীবনের জন্য কেন্দ্রবিন্দু হিসেবে চিহ্নিত করে মানুষের চিরায়ত দাবীকে আবার নতুন করে উপস্থাপন করা হয়েছে, যেন দেশের সকল উন্নয়ন চিন্তায় টেকসই আবাসনের বিষয়টি গুরুত্ব পায়।

বাংলাদেশের মত ঘন বসতিপূর্ণ দেশেও পরিকল্পিত উপায়ে আদর্শমানের আবাসন ব্যবস্থা গড়ে তোলা সম্ভব। তবে এ ক্ষেত্রে সরকারি ও বেসরকারি পর্যায়ে উদ্যোগ প্রয়োজন। মাননীয় প্রধানমন্ত্রীর দিক নির্দেশনায় এবং মন্ত্রী মহোদয়ের সার্বিক তত্ত্বাবধানে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় মানুষের জন্য আবাসন সৃষ্টিতে অগ্রণী ভূমিকা পালন করছে। এ মন্ত্রণালয় থেকে স্বল্প আয় ও বস্তিবাসী মানুষ এবং চাকুরিজীবীদের জন্য নিরাপদ ও টেকসই আবাসন ব্যবস্থা গড়ে তোলার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আশা করি, বিশ্ব বসতি দিবস এবং এর প্রতিপাদ্য বিষয় আমাদের এ কাজের গতিকে আরো ত্বরান্বিত করবে।

বিশ্ব বসতি দিবস ২০১৬ সার্থক হোক, সফল হোক, এ কামনায়-


মোঃ শহীদ উল্লা খন্দকার



১৮ আশ্বিন ১৪২৩
৩ অক্টোবর ২০১৬

জাতিসংঘের উদ্যোগে এ পৃথিবীকে মানুষের বাসযোগ্য রাখার অভিপ্রায়ে ১৯৮৬ সালে প্রথম বিশ্ববসতি দিবস উদযাপিত হয়। সে থেকেই প্রতি বছর এ দিবসটি গুরুত্বের সাথে উদযাপিত হয়ে আসছে। এ বছর বিশ্ব বসতি দিবসের প্রতিপাদ্য বিষয় 'Housing at the Centre' যার বাংলারূপ করা হয়েছে 'গৃহায়নই উন্নয়নের কেন্দ্র'।

বিশ্ববসতি দিবসের প্রতিপাদ্য বিষয়টি বিশ্লেষণ করলে দাঁড়ায় আবাসন শুধুমাত্র মানুষের আশ্রয়স্থল বা মাথা গোজার ঠাই নয়, সেটা মানুষের সার্বিক বিকাশের কেন্দ্রস্থল। বিশ্ব বসতি দিবসের এ প্রতিপাদ্য বিষয় মানব জীবনের অত্যাবশ্যকীয় একটা দিকের প্রয়োজনীয়তাকে নতুন করে তুলে ধরা হয়েছে। আবাসস্থল প্রতিটা মানুষের মৌলিক অধিকার এবং গুরুত্বপূর্ণ একটি মানবাধিকার। জাতীয় উন্নয়ন পরিকল্পনায় এবং নগরায়ন ও শিল্পায়নের ক্ষেত্রে পরিকল্পিত, নিরাপদ, টেকসই এবং পরিবেশ সন্মত আবাসন একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। এ বিষয়টি জাতীয় উন্নয়ন কৌশলসহ সকল উন্নয়ন পরিকল্পনায় বিশেষ করে পরিকল্পিত নগরায়নের কেন্দ্রবিন্দুতে রাখার বিষয়ে তাগিদ দেয়া হয়েছে। যাতে সকল শ্রেণীর মানুষের জন্য আবাসন বিনির্মাণে, বিষয়টা গুরুত্বের সাথে বিবেচনা করা হয়।

প্রতি বছরের মতো এবারও গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের উদ্যোগে বিশ্ববসতি দিবস উপলক্ষে স্মরণিকা প্রকাশ করা হচ্ছে। দিবসটির প্রতিপাদ্য বিষয়ের সাথে সঙ্গতি রেখে স্মরণিকায় তথ্যবহুল ও গবেষণালব্ধ প্রবন্ধসমূহ সংযোজন করা হয়েছে, যা আমাদের সুপরিকল্পিত নগরায়ন ও আদর্শ আবাসন সৃষ্টিতে এবং নীতি নির্ধারকদের সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করবে মর্মে আশা করা যায়।

স্মরণিকার লেখক ও গবেষকবৃন্দ, সম্পাদনা পর্ষদের সদস্যবৃন্দ এবং প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকলকে তাঁদের সহযোগিতার জন্য আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি। স্মরণিকা প্রকাশসহ বিশ্ববসতি দিবস, ২০১৬ উদযাপন সংক্রান্ত বার্ষিক কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর পৃষ্ঠপোষকতা ও সচিব মহোদয়ের মূল্যবান দিক নির্দেশনা ও পরামর্শের জন্য তাঁদের প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করছি। এ মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন সংস্থা ও প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তাগণ, যাদের প্রত্যক্ষ ও পরোক্ষ সহযোগিতায় এবং উৎসাহ ও উদ্বীপনায় প্রকাশনাটির সফল প্রকাশ সম্ভব হয়েছে, তাঁদের সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ। স্মরণিকা প্রকাশসহ দিবসটি উদযাপনের অন্যান্য কর্মসূচির সাথে সম্পৃক্ত থাকায় REHAB সহ সংশ্লিষ্টদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। এছাড়া অন্যান্য বেসরকারি সংস্থা ও গবেষণা প্রতিষ্ঠানকেও তাদের সহযোগিতার জন্য সাধুবাদ জানাই। এ স্মরণিকায় অনাকালিত কোন ভুলত্রুটির ক্ষেত্রে সকলের ক্ষমা সুন্দর দৃষ্টি কামনা করছি।

সবার ঐকান্তিক প্রচেষ্টায় বিশ্ব বসতি দিবস, ২০১৬ সফলভাবে উদযাপিত ও প্রতিপালিত হবে এ কামনা করি।


মোঃ আখতার হোসেন

বিশ্ববসতি



সূচি

গৃহায়নই উন্নয়নের কেন্দ্র ড. নুরুল ইসলাম নায়েম কৌজিয়া ফারজানা	১৫-১৯
Housing and Sustainable Urban Development A Perspective on Bangladesh Country Paper for Habitat III Dr Sarwar Jahan	২০-২৩
Housing at the centre : Role of RAJUK M. Bazlul Karim Chaudhury	২৪-২৮
Private Sector in Affordable Housing Dr. Toufiq M. Seraj	২৯-৩০
Application of Land Readjustment (LR) for Implementation of Planned Housing In Bangladesh: Lessons from Japan Kamrul Hasan Sohag	৩১-৩৮
Housing For The Government Employees: A Case Study on Chittagong City Area Muhammad Rashidul Hasan K. M. Risaduzzaman	৩৯-৪৫
Affordable Housing for All Mohammad Abu Sadeque PEng	৪৬-৫২
Slum dwellers' awareness about their rights and the level of deprivation they face in public and private slums in Khulna city Sumya Sydunnaheer Dr. Kazi Saiful Islam	৫৩-৫৮
Inclusion of Low Cost Housing in the Urban Housing Delivery Process Planner Salma A. Shafi	৫৯-৬৪
আগামী দিনের ঢাকা এবং নগর নীতি প্রকৌশলী সরদার মোঃ আমিন	৬৫-৬৯
গৃহায়ন বিনির্মাণে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় সংকলনে : মোঃ মনিরুল হুদা অনিমেষ সোম	৭০-৭২
ফটো এ্যালবাম : গৃহায়নে এদেশ সেদেশ	৭৩-৭৯



গৃহায়নই উন্নয়নের কেন্দ্র

ড. মুরুল ইসলাম নাজেম^১
ফৌজিয়া ফারজানা^২

ভূমিকা

আশ্রয় যেকোন প্রাণীর মৌলিক একটি প্রয়োজন। মানুষের আশ্রয় একটা বাড়ি বা গৃহ। মানুষের এই মৌলিক প্রয়োজন মেটানোর প্রক্রিয়াকে বলা হয় গৃহায়ন। গৃহায়ন একটি স্বপ্ন। মানুষ যখন বড় হয় তখন একটি গৃহের স্বপ্ন দেখে। এই স্বপ্নপূরণের প্রক্রিয়ার নামও গৃহায়ন। বিশ্বকবি রবীন্দ্রনাথও এই স্বপ্ন দেখেছিলেনঃ তার একটি কবিতায় এই স্বপ্নের রূপ মূর্ত হয়ে উঠেছে। তিনি বলেনঃ

ধন নয় মান নয় করেছিঁনু আশা
এতটুকু বাসা
গাছটির শিঁক্কায়া নদীটির ধারা
ঘরে আনে সন্ধ্যাটিতে গোখুলির তারা।

রবীন্দ্রনাথ সুন্দর পরিবেশে ছোট্ট একটি বাসাকে ধনসম্পদের উপরে স্থান দিয়েছেন। গৃহ শুধু আশ্রয়ই নয়, মানুষের নিরাপত্তা ও মর্যাদার প্রতীক। মানব জীবনের সুখ ও স্বাস্থ্যের প্রতীক। কাজ ও উপার্জনের ভিত্তি। মানুষের ঠিকানা ও পরিচয়ের সূত্র। সুন্দর ও মান সম্মত একটি গৃহ মানুষকে এতকিছু দেয়। নিরাপদ জীবন যাপনের জন্য বস্ত্রগত ও সাংস্কৃতিক উৎকর্ষ সাধন সুন্দর গৃহায়নের মাধ্যমেই সম্ভব। বিশ্বের সকল দেশে এবং সব সমাজেই গৃহায়নকে গুরুত্বসহকারে বিবেচনা করা হয়।

একটি পরিবারে যেমন শিক্ষিত মা থাকলে পরিবারটি শিক্ষিত হয়ে উঠে, তেমনি একটি সুন্দর বাড়ি থাকলে পরিবার উন্নয়নের কেন্দ্রে চলে আসে। গৃহহীন পরিবার দরিদ্র পরিবার। গৃহের সাথে ভূমিরও সম্পর্ক আছে। গৃহ নির্মাণ করতে হলে ভূমির প্রয়োজন। দেখা যায় যাদের ভূমি নেই তাদের বাড়িও নেই। তারা ভূমিহীন। ভূমিহীন মানেই দরিদ্র। দরিদ্র মানেই গৃহহীন। উন্নয়ন ও গৃহহীন একসাথে যায়না। ঘর থাকলে একটি পরিবার উন্নয়নের পথে যেতে পারে। এজন্য গৃহায়নকে উন্নয়নের কেন্দ্রে নিতে হবে।

২০১৬ সালের অক্টোবরে অনুষ্ঠিতব্য 'বিশ্ব মানব বসতি সম্মেলন'কে সামনে রেখে বিশ্বব্যাপী দ্রুত নগরায়নকে টেকসই করার লক্ষ্যে জাতিসংঘের মানববসতি সংক্রান্ত সংস্থা 'হ্যাবিটাট' গৃহায়নকে নগর পরিকল্পনা, ব্যবস্থাপনা ও উন্নয়নের কেন্দ্র হিসেবে চিহ্নিত করেছে। এরই ধারাবাহিকতায় বাংলাদেশে এবারের বিশ্ব বসতি দিবসের প্রতিপাদ্য 'Housing at the Center' বা 'গৃহায়নই উন্নয়নের কেন্দ্র'।


উন্নয়নে গৃহায়নের ভূমিকা ব্যাখ্যার পূর্বে প্রয়োজন গৃহায়নের সংজ্ঞার সঠিক বিবরণ। গৃহায়ন বলতে শুধু বাসস্থানের সরবরাহই বুঝায় না। মানুষের বসবাসের প্রয়োজনীয় অনুশঙ্গসমূহ এবং সুযোগ-সুবিধা যেমন পানি, বিদ্যুৎ, পয়ঃনিষ্কাশন ইত্যাদি সহ বসবাসের সার্বিক পরিবেশে আবাসনের একটি সামগ্রিক রূপই 'গৃহায়ন'। এই প্রক্রিয়া শুরু হয় মানুষের গৃহনির্মানের স্বপ্ন বা ইচ্ছা থেকে। এরপর স্থান নির্বাচন করা বা জমি কেনা, পরিকল্পনা তৈরী করা, পরিকল্পনার অনুমোদন, বাড়ি নির্মাণ, সেবা ও ইউটিলিটি সংযোগ এবং সবশেষে আসবাবপত্র সংগ্রহ করে বসবাস করা এই প্রক্রিয়ারই অংশ। প্রতিটি পর্যায়ে অর্থায়ন একটি গুরুত্বপূর্ণ বিষয়। এই প্রক্রিয়া নিজে অথবা কোন সংস্থা কর্তৃক সম্পন্ন করা যেতে পারে। প্রকৃত পক্ষে গৃহায়ন একটি চলমান প্রক্রিয়া। এটি শুরু হয়, তবে কখনোই পুরোপুরি শেষ হয় না।

অর্থনৈতিক উন্নয়ন ও গৃহায়ন ওতপ্রোতভাবে জড়িত। উন্নয়নে গৃহায়নের ভূমিকা কালের পরিক্রমায় আরো নিবিড়ভাবে অনুভূত হচ্ছে। গত শতাব্দির চল্লিশ থেকে পঞ্চাশের দশকে গৃহায়নকে দেখা হতো শুধু একটি সামাজিক ব্যয় হিসেবে। পঞ্চাশ থেকে ষাট এর দশকে গৃহায়ন অর্থনৈতিক উন্নয়নের পরিপূরক একটি খাত বলে গৃহীত হয়। বর্তমান সময়ে গৃহায়ন একটি অর্থনৈতিক বিনিয়োগ খাত হিসেবে বিবেচিত। কিন্তু প্রথাগত ধারণার এই পরিবর্তন শুধু উন্নত বিশ্বেই দেখা যায়।

^১ অধ্যাপক, ভূগোল ও পরিবেশ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় ও সাময়িক সচিব, নগর গবেষণা কেন্দ্র, ঢাকা

^২ সহযোগী অধ্যাপক, নগর ও গ্রামীণ পরিকল্পনা ডিসিট্রিন, ঢাকা বিশ্ববিদ্যালয়

উন্নয়নশীল দেশে গৃহায়নকে ভাবা হয় অর্থনৈতিক উন্নয়নের উপরি বা by product হিসেবে। আর গৃহায়নের উন্নতিকে অর্থনৈতিক উন্নয়নের তালিকার শেষে নিয়ে দেখানো হয়। অর্থনৈতিক উন্নয়ন নিশ্চিত হলে মানুষ তার আবাসন সমস্যার সমাধান নিজেরাই করতে পারবে এমন ধারণাকে ভিত্তি করেই বেশিরভাগ স্বল্পোন্নত দেশের উন্নয়ন পরিকল্পনা করা হয়, যেখানে অগ্রাধিকার পায় শিল্পায়ন, কৃষি খাত ও অপরাপর খাত। গৃহায়ন থাকে সম্পূর্ণ উপেক্ষিত একটি খাত হিসেবে।



Source: BBS 2011 Population and Housing Census 2011



গৃহায়ন পরিস্থিতি

গৃহায়নকে উন্নয়ন প্রচেষ্টার কেন্দ্রে নিয়ে আসার কিছু যুক্তি আছে। উন্নত দেশসমূহের গৃহায়ন পরিস্থিতি উন্নয়নশীল দেশসমূহের তুলনায় ভাল হলেও উন্নয়নশীল দেশের নগর গৃহায়ন পরিস্থিতি অত্যন্ত অসন্তোষ জনক। পরিসংখ্যানে দেখা যায়, এশিয়ার নগরসমূহে বসবাসকারী মানুষের শতকরা ৩০ ভাগ, ল্যাটিন আমেরিকায় শতকরা ২৩ ভাগ ও আফ্রিকার ৬১ শতাংশ মানুষ বস্তিতে বসবাস করে। ইউরোপ ও উত্তর আমেরিকায় এই হার ৯%। এতে দেখা যায় উন্নয়নের সাথে গৃহায়নের যোগসূত্র আছে। বাংলাদেশের বেলায় এই পরিস্থিতি আফ্রিকার চেয়ে ভাল হলেও এশিয়া ও ল্যাটিন আমেরিকার চেয়ে অনেক খারাপ। বাংলাদেশে প্রায় এক তৃতীয়াংশ নগরবাসী বস্তিতে বসবাস করে। অপরদিকে গৃহের স্বল্পতাও দিন দিন বাড়ছে। ১৯৯১ সনে যেখানে মাত্র ৯.৫ লাখ বাড়ির ঘাটতি ছিল, তা ২০১০ সালে এসে দাঁড়ায় ৪৬ লাখে। অনুমান করা হচ্ছে এই ঘাটতি ২০১১ সাল নাগাদ ৮৫ লাখে পৌঁছাবে (NHA 2005)। এর মানে হচ্ছে, যে গতিতে আমাদের গৃহায়ন হচ্ছে তা প্রয়োজনের তুলনায় অনেক কম। গৃহায়ন পরিস্থিতির এই অবনতি মোকাবেলা করতে হলে গৃহায়ন প্রচেষ্টাকে উন্নয়ন প্রচেষ্টার কেন্দ্রে নিয়ে আসতে হবে।

বাংলাদেশে গৃহ এককের সংখ্যাগত ঘাটতি থাকলেও বিগত দশকে গৃহের গুণগত মানের উন্নতি হয়েছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর তথ্য অনুযায়ী দেখা যায় ২০১১ সালে বাংলাদেশে মোট গৃহের ১১.৩ শতাংশ পাকা ছিল, যা ২০০১ সালে ছিল ৬.৭ শতাংশ। সেমি পাকা ঘরের সংখ্যাও বেড়েছে। ২০০১ সালে আধাপাকা ঘর ছিল মোট ঘরের ১০ শতাংশ, ২০১১ সালে তা বেড়ে হয়েছে ১৯.৬ শতাংশ, অর্থাৎ প্রায় দ্বিগুণ। অপরদিকে কুপড়ি ও কাঁচা বাড়ির পরিমাণ কমেছে যথাক্রমে ৭৪ শতাংশ থেকে ৬৬ শতাংশে এবং ৯ থেকে ৩ শতাংশে। আবাসনের গুণগত মানের এই উন্নতি যথেষ্ট স্বস্তিদায়ক। কিন্তু শহরে বিশেষ করে মহানগরে গুণগত মান কিছুটা বাড়লেও সার্বিকভাবে আবাসন পরিস্থিতির তেমন কোন পরিবর্তন হয়নি।

বাংলাদেশে বিভাগ পর্যায়ে আবাসন পরিস্থিতির গুণগত মানের যথেষ্ট তারতম্য দেখা যায়। গুণগত মানের পরিমাপে ঢাকা, চট্টগ্রাম ও সিলেট বিভাগ সবচেয়ে ভাল অবস্থানে রয়েছে। সবচেয়ে খারাপ অবস্থানে রয়েছে রংপুর, বরিশাল ও রাজশাহী বিভাগ। জেলা পর্যায়ে এই তারতম্য আরো প্রকট (মানচিত্র দ্রষ্টব্য)। যদি জেলাভিত্তিক মাথা পিছু জিডিপি'র সাথে তুলনা করা হয় তাহলে দেখা যাবে যেসব জেলায় গৃহায়ন পরিস্থিতি নাজুক অবস্থায় রয়েছে সেখানে মাথা পিছু জিডিপিও কম। এতে বোঝা যায় গৃহায়নের সাথে অর্থনৈতিক উন্নতির সরাসরি যোগাযোগ রয়েছে।

গৃহায়নের জন্য একটি গুরুত্বপূর্ণ অনুষঙ্গ ভূমি। ভূমির স্বল্পতা, ভূমির বন্ধুরতা, এবং প্রয়োজনীয় অবকাঠামোর অভাবে গৃহায়নের জন্য ভূমি সরবরাহে প্রতিবন্ধকতার সৃষ্টি হয় এবং ভূমির চাহিদা বৃদ্ধির ফলে মূল্যবৃদ্ধি পায়। বিশেষ করে বাংলাদেশের মত ঘনবসতিপূর্ণ দেশে ভূমির উচ্চমূল্য, গৃহায়নের প্রথম প্রতিবন্ধকতা। বর্তমানে বাংলাদেশের মোট আয়তনের এক চতুর্থাংশ মানব বসতের জন্য ব্যবহৃত হচ্ছে। বিগত ৪০ বছরে কৃষিজমি, পানি ও বনজ সম্পদ কমে গিয়ে বসত ভূমির পরিমাণ বাড়িয়ে দিয়েছে, যা এই সময়ে ১৮ শতাংশ থেকে ২৫ শতাংশে উন্নীত হয়েছে। জনঘনত্ব বেড়েছে, প্রাকৃতিক পরিবেশের উপর চাপ বাড়ছে এবং ক্রমাগত ভাবে কৃষিজমি, জলাভূমি ও বন উজাড় করে মানব বসতি তৈরী হচ্ছে। পরিকল্পনামূলকভাবে এ অবস্থা চলতে থাকলে অনতিবিলম্বে বাংলাদেশের প্রকৃতি মানব বসতের অযোগ্য হয়ে পড়বে।

বিশেষ করে নগর এলাকায় গৃহায়নের জন্য ভূমির চাহিদা অতিমাত্রায় বৃদ্ধি পাওয়ায় নগরে ভূমির মূল্য অধিকাংশ মানুষের নাগালের বাইরে। ঢাকা মহানগরে ভূমিমূল্য এতই বেশী যে এখানে বসবাসকারী ৭০ শতাংশ পরিবারের কোন ভূমি নেই এবং নিজের বাড়িও নেই। এসব পরিবার ভাড়া বাড়িতে থাকে। এই মহানগরীর অন্তত এক তৃতীয়াংশ পরিবার অত্যন্ত নিম্ন আয়ের। একটি সুন্দর সুলভ বাসা তাদের আয়ত্বের বাইরে। তারা বাস করে ঘিঞ্জি এলাকায় ও বস্তিতে। এক পরিসংখ্যানে দেখা যায় ঢাকার ৩৭ শতাংশ মানুষ বাস করে ৫% ভূমির উপর; আর চট্টগ্রামের ৩৫ শতাংশ লোক বাস করে ৩% এলাকায়। অপরাপর শহরের চিত্রও প্রায় একই রকম। এ থেকে নগর গৃহায়নে চরম বৈষম্য দেখা যায়। আমাদের জাতীয় উন্নয়ন প্রচেষ্টায় এমন বৈষম্য কখনো কাম্য হতে পারে না।

গৃহায়ন ও উন্নয়ন

নগর ও নগরায়ন যে অর্থনৈতিক শক্তি তা এখন প্রমাণিত। এজন্য বিশ্বব্যাপী টেকসই 'নগরায়ন' একটি গুরুত্বপূর্ণ উন্নয়ন প্রপঞ্চ হিসেবে চিহ্নিত। এই নগরায়ন প্রক্রিয়ার বিশাল এক অংশ জুড়ে থাকছে গৃহায়ন। গৃহায়নকে বাদ দিয়ে নগরের তথা দেশের উন্নয়নের কথা ভাবা যায় না। পশ্চিমা দেশসমূহের মত পূর্ব এশিয়ার উন্নত দেশগুলো গৃহায়ন খাতে বিনিয়োগ ও উন্নত গৃহায়নের মাধ্যমে তাদের অর্থনৈতিক উন্নতি ত্বরান্বিত ও স্থিতিশীল করতে পেরেছে। যাঁরা এর দশকে জাপানের দ্রুত অর্থনৈতিক উন্নয়নে গৃহায়ন খাতে ব্যাপক নির্মাণের ভূমিকা সর্বজন বিদিত। এসময় গৃহমালিকানা বাড়ানোই ছিল জাপানের

গৃহায়ন নীতিমালার মূলমন্ত্র। কারণ, গৃহমালিকানা উৎসাহিত করে সঞ্চয় ও বিনিয়োগ- যা আবার ত্বরান্বিত করে অর্থনৈতিক উন্নয়ন। ফলে ১৯৯৮ সালে এসে জাপানের গৃহ-মালিকানার হার পৌঁছায় ৬০ শতাংশে। থাইল্যান্ড, সিঙ্গাপুর, হংকং, দক্ষিণ কোরিয়া এবং তাইওয়ানও একইভাবে গৃহায়ন খাতকে গুরুত্ব দিয়ে গৃহায়নের উন্নয়নের মাধ্যমে অর্থনৈতিক মন্দাকে রুখে দিয়ে অর্জন করেছে অর্থনৈতিক উন্নয়ন। গৃহায়ন একটি শহর তথা একটি দেশের উন্নয়নকে কিভাবে প্রভাবিত করে তা নিম্নোক্ত আলোচনা থেকে পরিষ্কার হতে পারে।

গৃহায়ন ও গড় দেশজ উৎপাদনঃ উন্নয়নশীল দেশের বাৎসরিক গড় দেশজ উৎপাদনের ৩ থেকে ৮ শতাংশ আসে নির্মান খাত হতে যার এক-তৃতীয়াংশ ধরা যায় গৃহায়নের অবদান। জাতীয় গড় স্থায়ী মূলধনের ৪০ থেকে ৭০ শতাংশই যোগান দেয় নির্মান খাত। এছাড়া উল্লেখ্য যে, অনানুষ্ঠানিক (Informal) গৃহায়ন বাজার উন্নয়নশীল দেশের মোট গৃহায়নের শতকরা প্রায় ৮০ ভাগ সরবরাহ করে। তা না হলে গড় দেশজ উৎপাদনে গৃহায়ন খাতের অবদান আরও অনেক বেশি হতো যদি গৃহায়নের এই অনানুষ্ঠানিক খাতকে যথাযথভাবে মূল্যায়ন করা হতো।

গৃহায়নে কর্মসংস্থানঃ শ্রমিকের কর্মসংস্থানের মাধ্যমে গৃহ নির্মান নগর অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। উন্নয়নশীল দেশের শহরের দক্ষ ও অদক্ষ জনগোষ্ঠীর জন্য ইমারত নির্মানশিল্প একটি অন্যতম কর্মসংস্থানের উৎস। বিভিন্ন দেশের উদাহরণ এটাই প্রমাণ করে যে, আবাসন শিল্পে বিনিয়োগ ও কর্মসংস্থানের মাধ্যমে অর্থনীতির শ্রুত গतिकে ত্বরান্বিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। নির্মান ও নির্মান সংশ্লিষ্ট শিল্প দেশের উপার্জনক্ষম জনগোষ্ঠীর প্রায় ১০ শতাংশের কর্মসংস্থান করে থাকে। বিশেষ নির্মান সামগ্রি তৈরীর শিল্পসমূহে এই কর্মসংস্থান আরো বাড়ানো যেতে পারে। কারণ, বাংলাদেশের নির্মান সামগ্রির উৎকর্ষতার কারণে দেশে ও দেশের বাইরে এর চাহিদা বাড়ছে। বিশেষ করে রড, সিমেন্ট, চেউটিন, টালি, সিরামিক পথ্য তৈরী ও রফতানিতে বিনিয়োগ ও কর্মসংস্থান বাড়ছে। অভ্যন্তরিন বাজারেও এসব দ্রব্যের চাহিদা ও উৎপাদন বাড়ছে। এতে প্রমাণিত হয় যে, গৃহায়ন ভবিষ্যতে একটি শক্তিশালী অর্থনৈতিক খাতে পরিণত হবে।

গৃহ যখন উপার্জনের মাধ্যম (গৃহভিত্তিক শিল্প উদ্যোগ ও বাড়িভাড়া)ঃ তৃতীয় বিশ্বের নিম্ন ও মধ্যবিত্ত বসতিতে গৃহ শুধু আবাসন হিসেবে নয় বরং ব্যবহৃত হয় গৃহভিত্তিক শিল্প ও বাড়িভাড়ার মাধ্যমে আয়ের উৎস হিসেবে। উন্নয়নশীল দেশের নাগরিক জীবনেও পরিলক্ষিত হয় একই চিত্র, যা নিম্ন আয়ের মানুষের কর্মসংস্থান ও উপার্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে এবং ভূমিকা রাখে জাতীয় আয় ও অর্থনৈতিক উন্নয়নেও। দক্ষিণ আফ্রিকার ৭১% শিল্প উদ্যোগই গৃহভিত্তিক বা গৃহ সংশ্লিষ্ট। সুতরাং নিম্ন ও মধ্যম আয়ের মানুষের জন্য আবাসন তার কর্মস্থলও বটে। সে কারণেই জাতীয় উন্নয়ন পরিকল্পনায় আবাসনকে পুরোপুরি ভোগ্যপন্য না ভেবে উৎপাদনমূলক বিনিয়োগ হিসেবে বিবেচনা করা উচিত।

আবাসন ও স্বাস্থ্যঃ বসবাসের পরিবেশের ওপর নির্ভর করে বসবাসকারীর স্বাস্থ্য; যা বহু গবেষণায় প্রমাণিত। অস্বাস্থ্যকর ও ঘনবসতিপূর্ণ আবাসন সৃষ্টি করে উদ্বেগ বা ট্রমার, যা রূপ নেয় শারীরিক অসুস্থতায়। তাছাড়া ঘনবসতির কারণে মানুষ সহজেই নানা রোগে আক্রান্ত হয় ও ভোগে বিভিন্ন ছোঁয়াচে রোগে। মানুষের এধরনের অসুস্থতা কমিয়ে দেয় কর্মক্ষমতা, বাড়ায় কাজে অনুপস্থিতি এবং ফলস্বরূপ কমিয়ে দেয় উৎপাদন যা অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য ক্ষতিকর। সুতরাং আবাসন শুধুই আশ্রয়, সামাজিক কর্মকাণ্ড অথবা সেবামূলক বিষয় নয় বরং এর আছে অর্থনৈতিক প্রেক্ষাপট ও গুরুত্ব।

গৃহায়ন ও শিক্ষাঃ গৃহায়ন মানুষকে শুধু আশ্রয়ই দেয়না বরং সামাজিক উন্নয়নে এর ভূমিকা বহুমুখী। একটি শহরের গৃহায়ন ও শিক্ষা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সম্পর্কিত। সুলভ বাসস্থান, বসবাসের উপযুক্ত পরিবেশ ও প্রতিবেশ, স্থায়ী আবাসন বা গৃহমালিকানা এ সব কিছুই ভিন্ন ভিন্ন উপায়ে প্রভাবিত করে শিশু শিক্ষাকে। ঘিঞ্জি ও অস্বাস্থ্যকর পরিবেশে বেড়ে ওঠা শিশুদের অসুস্থতার কারণে স্কুলে উপস্থিতির হার কম থাকে এবং বাড়িতেও তারা পড়াশুনার উপযুক্ত স্থান বা পরিবেশ পায়না।

সুলভ গৃহায়নের অনুপস্থিতি মানুষের বাড়িক্রয়ের আগ্রহ কমিয়ে দেয়। ফলে স্বল্প আয়ের মানুষ না পারে শিশুদের উপযুক্ত বাসস্থান দিতে, না পারে তাদের খাদ্য, চিকিৎসা ও শিক্ষার মত জরুরী খাতে যথাযথ ব্যয় করতে। ঘরের মালিকানা না থাকার কারণে এবং ঘন ঘন বস্তি উচ্ছেদ কর্মসূচীর জন্য নিম্ন আয়ের মানুষ এমনকি মধ্যম আয়ের পরিবারসমূহ নিয়ত কর্মস্থল পরিবর্তনে বাধ্য হয়। এতে শিশুরা ঘন ঘন স্কুল পরিবর্তনে বাধ্য হয় যা তাদের শিক্ষার উপর নেতিবাচক প্রভাব ফেলে।

অর্থনৈতিক উন্নয়ন ও টেকসই নগরায়নের জন্য গৃহায়নের প্রভাবকে জিয়াশীল করতে প্রয়োজন উন্নয়ন পরিকল্পনায় গৃহায়ন খাতকে যথাযথ গুরুত্ব দেয়া। উন্নত দেশসমূহ গৃহায়নকে অর্থনৈতিক উন্নয়নের হাতিয়ার হিসেবে ব্যবহার করে উন্নত দেশে পরিণত হয়েছে। এ সব উন্নয়ন পরিকল্পনায় গৃহায়ন বিশেষ গুরুত্ব পেয়েছে। উদাহরণ স্বরূপ বলা যায় যে, পঞ্চাশের দশক

থেকে জাপানের গৃহায়ন খাতে সরকারী ব্যয় সবসময়ই বেশি ছিল এবং প্রতিবছর গড় দেশজ উৎপাদনের ৭ থেকে ৯ শতাংশ খরচ করা হয় গৃহ নির্মাণে। একই ভাবে এশিয়ান টাইগার হিসেবে পরিচিত সিঙ্গাপুর, হংকং, দক্ষিণ কোরিয়া ও তাইওয়ানের পাঁচ বা দশবছর মেয়াদী উন্নয়ন পরিকল্পনায় গৃহায়ন একটি বিশেষ অবস্থান ধরে রেখেছে। গৃহায়ন খাতে বিনিয়োগ ও উন্নয়ন পরিকল্পনা ও নীতিমালায় গৃহায়নকে অগ্রাধিকার দিয়ে অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের মাধ্যমে এসব দেশ আজ উন্নত দেশ হিসেবে স্বীকৃত। কিন্তু বাংলাদেশে এর বিপরীত চিত্র পরিলক্ষিত হয়। ২০১৫-২০১৬ অর্থবছরের বাজেটে গৃহায়ন খাতে বরাদ্দ ছিল মোট সম্পদের মাত্র ১% যা ২০১৬-২০১৭ অর্থবছরে কমে হয়েছে ০.৯%। গৃহায়নকে এখন পর্যন্ত উন্নয়ন খাত হিসেবে বিবেচনাই করা হয় না। এছাড়া গত ২০ বছর ধরে গৃহীত পঞ্চবার্ষিক পরিকল্পনা অথবা গৃহায়ন নীতিমালায় বাজার সক্রিয়করণ পছা অবলম্বন করে গৃহায়ন সমস্যার সমাধানের খোঁজ হচ্ছে যা স্বল্প আয়ের মানুষের আবাসন চাহিদা মেটাতে বার বারই ব্যর্থ হয়েছে। এর ফলে বাংলাদেশের ক্রমবর্ধমান শহুরে জনসংখ্যার এক বিরাট অংশ বসবাস করছে বিভিন্ন বস্তিতে যেখানে সুস্থভাবে বেঁচে থাকা কঠিন।

উপসংহার

টেকসই নগরায়ন ও নগরায়নের সুফলকে কাজে লাগিয়ে জাতীয় উন্নয়ন ত্বরান্বিত করতে প্রয়োজন উন্নয়ন পরিকল্পনার। বিশ্বের বেশিরভাগ শহরের অধিকাংশ স্থান ব্যবহৃত হয় গৃহায়নের জন্য। ফলে গৃহায়ন খাত কর্মসংস্থানে এবং অর্থনৈতিক প্রবৃদ্ধিতে ভূমিকা রাখে। অতএব গৃহায়ন খাতকে যথাযথ গুরুত্ব প্রদান করা প্রয়োজন, যা নিশ্চিত করবে শহুরে জনগোষ্ঠীর উপযুক্ত বসবাসের পরিবেশ, সুস্বাস্থ্য, সুশিক্ষা, সৃষ্টি করবে কর্মসংস্থান এবং ত্বরান্বিত করবে আর্থনৈতিক প্রবৃদ্ধি ও নগরের সার্বিক উন্নয়ন।

বাংলাদেশও মনে করে গৃহায়ন কর্মসূচি মানব বসত, সংস্কৃতি ও অর্থনৈতিক উন্নয়নের অবিচ্ছেদ্য অংশ। বিভিন্ন সময়ে প্রস্তুতকৃত বাংলাদেশের মানব বসত প্রতিবেদনসমূহ পর্যালোচনা করলে এই সত্য সামনে চলে আসে। তার পরও বলতে হচ্ছে যে, এখনো পর্যন্ত গৃহায়নকে একটি গুরুত্বপূর্ণ অর্থনৈতিক খাত হিসেবে চিহ্নিত করে সার্বিক ভাবে পরিকল্পনা গৃহীত হয়নি।

বর্তমানে দেশের ৭০ ভাগ মানুষ গ্রামে আর ৩০ ভাগ শহরে বসবাস করে। যদিও গ্রাম ও শহর উভয় স্থানেই গৃহায়ন সংকট প্রবল; শহরে, বিশেষ করে মহানগর সমূহে এই সমস্যা সীমাহীন। জনসংখ্যা বৃদ্ধি, জনঘনত্ব ও পরিবেশ বিপর্যয়ের কথা চিন্তা করে বাংলাদেশের গৃহায়ন পরিকল্পনা গ্রাম ও শহর উভয়কে কেন্দ্র করে তৈরী করতে হবে। এই পরিকল্পনা তিনটি স্তরে করা যেতে পারেঃ

প্রথমতঃ সারাদেশের জন্য একটি ভূমি ব্যবহার বিভাজন (জোনিং) করা প্রয়োজন, যেখানে কৃষিভূমি, জলাভূমি, বনাঞ্চল ও মানব বসত এলাকাকে চারটি পৃথক জোনে ভাগ করা যায়। একই সাথে আইন করে এই চারটি জোনকে সবসময়ের জন্য পৃথক করে রাখতে হবে। এরপর মানব বসত এলাকার জন্য পৃথক পরিকল্পনা করতে হবে যাতে বাড়তি জনসংখ্যা ও তাদের যাবতীয় কৃষি বহির্ভূত কাজ ঐ এলাকার মধ্যে সীমাবদ্ধ থাকে।

দ্বিতীয়তঃ মানব বসত এলাকার জন্য (যা বর্তমানে মোট আয়তনের ২৫ শতাংশ) গ্রাম-শহর মিলিয়ে একটি সমন্বিত পরিকল্পনার প্রয়োজন যেখানে আবাসন, শিল্প, শিক্ষা, স্বাস্থ্য বিনোদনসহ সবধরনের অকৃষি কর্মকাণ্ডের সমাহার ঘটবে। এখানে প্রয়োজন ভূমি বাজার নিয়ন্ত্রণ, গৃহায়ন খাতকে অর্থনীতির মূলধারায় রূপান্তর, প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ, আবাসন শিল্পের জন্য সহযোগী অন্যান্য শিল্পখাত তৈরী করা ইত্যাদি। অর্থাৎ বাংলাদেশের জন্য প্রয়োজন একটি কার্যকর আবাসন বাজার যেখানে ব্যক্তি খাতের কাজের সুযোগ থাকবে, ব্যক্তি ও পাবলিক খাত যৌথভাবে অংশিদারিত্বের সাথে কাজ করতে পারবে। আবাসন সমস্যা নিরসনে কোন একটি নির্দিষ্ট পথে না গিয়ে বহুমুখী প্রক্রিয়ায় এর সমাধানের চেষ্টা করা যেতে পারে।

তৃতীয়তঃ যারা শহরে এবং গ্রামে দরিদ্র এবং গৃহহীন, তাদের প্রতি কর্তৃপক্ষের দৃষ্টিভঙ্গির পরিবর্তন করে এবং উন্নয়নে তাদের অবদানের যথাযথ স্বীকৃতি দিয়ে বিশেষ ব্যবস্থায় তাদের গৃহায়ন উন্নয়নের ব্যবস্থা করা প্রয়োজন। এটা মনে রাখতে হবে যে, নিম্ন আয়ের বস্তিবাসীরা শহরের অবিচ্ছেদ্য অংশ এবং নগর অর্থনীতিতে বিশেষতঃ প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক উৎপাদন ও শ্রম বাজারে তাদের অবদান উল্লেখযোগ্য। বাংলাদেশের দরিদ্র মানুষের গৃহায়নের উন্নয়ন বাদ দিয়ে সুখম অর্থনৈতিক উন্নয়ন কখনোই সম্ভব হবে না। আবাসনে যথাযথ বিনিয়োগ, নীতিমালার পরিবর্তন, সঠিক পরিকল্পনা এবং সুশাসনের মাধ্যমে অতীষ্ট লক্ষ্যে পৌঁছানো যেতে পারে।



Housing and Sustainable Urban Development A Perspective on Bangladesh Country Paper for Habitat III

Dr Sarwar Jahan¹

Introduction

Habitat III is the United Nations Conference on Housing and Sustainable Urban Development, and is taking place in Quito, Ecuador, on 17-20 October 2016. In Resolution 66/207 and in line with the bi-decennial cycle (1976, 1996 and 2016), the United Nations General Assembly decided to convene the Habitat III Conference to reinvigorate the global commitment to sustainable urbanization and to focus on the implementation of a New Urban Agenda, building on the Habitat Agenda of Istanbul in 1996. In the process towards Habitat III, country papers are prepared by Member States to provide evidence-based knowledge on how the Habitat Agenda from 1996 was implemented on a national level.

The Bangladesh Country Paper for Habitat III conference assesses accomplishments to date regarding sustainable urban development, and identifies and addresses new and emerging challenges. The Country Paper has been prepared from the different policy papers of the government of Bangladesh to achieve the status of middle income country, such as: (i) Perspective Plan of Bangladesh 2010-2021, (ii) National Sustainable Development Strategy 2010-2021, (iii) National Social Security Strategy of Bangladesh, (iv) 6th Five Year Plan, (v) 7th Five Year Plan, (vi) National Water Management Plan, (vii) Millennium Development Goal (MDG): Bangladesh Progress Report, (viii) Guidelines for Mainstreaming Disaster Risk Reduction, (ix) Dhaka Structure Plan, (x) Mymensingh Strategic Development Plan (MSDP, 2011-2031).

The Draft Country Paper contains 42 sections within 6 chapters with 13 Urban Indicators regarding base year 1996, 2006 and 2013. Chapter I describes the Urban Demographic Issues including challenges experienced and lessons learnt. Chapter II covers the Land and Urban Planning Issues and Challenges along with experiences and lessons learnt. Chapter III includes the Environment and Urbanization Issues and Challenges and also challenges experienced and lessons learnt in this arena. Chapter IV expresses Urban Governance and Legislation Issues including improving participation and human rights in urban development; and challenges experienced and lessons learnt. Chapter V covers Urban Economics Issues and challenges. This chapter also comes up with challenges experienced and lessons learnt in urban economic sector. The last chapter, Chapter VI explained the Housing and Basic Services Issues and Challenges including challenges experienced and lessons learnt in the sector. Chapter wise summary of the Country Paper has been presented in the following sub-sections.

Chapter I: Urban Demographic Issues

Bangladesh has been experiencing rapid increase in its urban population ever since its independence in 1971. Urban population as a percentage of total population increased from around a little below one-tenth to nearly one-third during 1974-2011 periods. It is estimated that by the year 2021 about one-third of the population of Bangladesh will be living in urban areas. The urban population recorded during the 2011 Census was around 42 million. The tremendous challenge of absorbing such a massive number of people in urban areas and providing them with shelter, food, employment, healthcare, education, municipal services and recreation facilities is made more difficult under the given shortage of urban facilities and resources, skilled manpower and good governance. The urbanization challenge, unless managed well, could pose a serious problem to the future growth prospects for Bangladesh.

Challenges experienced and lessons learnt

Rapid urbanization has been posing serious challenges for sustainable urban development and poverty has

¹ Professor, Department of Urban and Regional Planning, BUET



increasingly been urbanized by way of transfer of the rural poor to urban areas. One of the significant features of urbanization in Bangladesh is the predominance of a few metropolitan centers resulting in an uneven distribution of urban population in the country. More than half of the urban population is concentrated in Dhaka, Chittagong and Khulna Metropolitan areas. The tremendous challenge of absorbing such a massive number of people in urban areas and providing them with food, shelter, employment, healthcare, education, municipal services and recreation facilities is made more difficult.

Chapter II: Land and Urban Planning Issues and Challenges

As one of the most climate vulnerable countries in the world, Bangladesh would become even more so as a result of climate change impacts. Floods, tropical cyclones, earthquake, storm surges and droughts are likely to become more frequent and severe in the coming years. Considering hazards, UDD has prepared a module for mainstreaming disaster risk prevention measures into comprehensive land use development planning and management at municipal level which has been applied in the twenty year (2011-2031) Mymensingh Strategic Development Plan (MSDP). The aim of the plan is to prepare an integrated development plan covering Structure Plan, Urban/Rural Area Plan and Action Area Plans and subsequent training module including disaster risk reduction measures into comprehensive land use planning and management.

Challenges experienced and lessons learnt

Big cities including Dhaka have serious problems with basic amenities, slum and untreated industrial waste disposal. In the urban areas there is improper land development, whereby low lying lands, canals, and ponds are filled up for constructing buildings. Reduction in water retention areas is causing water logging and drainage problems. Construction of roads without appropriate environmental mitigation measures is adding to these problems. Flood protection activities around urban areas without environmental mitigation measures are also responsible for water logging. However, the idea of 'compact township'/rural township which is a self-governing and self-financing agglomeration of houses, hospitals, schools, playing fields, water reservoir, markets and rural industries within local government units that provide all basic services to the residents could be considered as an alternative option. Growth of these types of townships in rural area will need to be encouraged in growth centres at Upazila and Union levels avoiding present trend of housing with low densities scattered in various locations. UDD is trying to promote the concept of 'compact township'/rural township by planning the whole sub-districts integrating urban-rural and conservation areas.

Chapter III: Environment and Urbanization Issues and Challenges

Experiencing a fast pace of urbanization, in last 50 years (1961-2011), the total population of Bangladesh has increased from 55 million to 150 million, whereas urban population has increased from 2.6 million to 43.43 million (BBS, 2011). Thus demand for housing has become a crucial challenge for urban areas, though large shares of urban population do not have access to affordable housing. Moreover, unplanned land development project for housing has become a threat on environment. Dense population with rapid urbanization, industrialization and lack of disaster resiliency in land use planning have created major environmental problems which contribute to increasing disaster risks such as flood, water logging, traffic congestion, air Pollution, water pollution along with loss of wetlands, agricultural land and forest. The strong commitment of government to ensure environmental sustainability through conservation of natural resources and reduce air and water pollution has been reflected in the Seventh Five Year Plan, 2016-2020. This plan has stressed the need to take into account environment, climate change adaptation and mitigation and recognizes climate change as an added challenge to reduce poverty and environmental degradation. Government has also adopted necessary policies, rules and acts to protect environment and to ensure sustainable development.

Challenges experienced and lessons learnt

The sprawling expansion of the city, mostly initiated by Private Land Developers is continuing with



encroachment of flood plains, high value agricultural land and other environmentally sensitive areas. In such a context, good governance, accountability and capacity building of relevant organizations are very crucial along with strong political commitment. Waste disposal is an emerging problem in almost all urban areas of Bangladesh. The increase in waste generation can be primarily attributed to factors such as rapid rate of urbanization, changing consumption pattern and high population growth rate. Risk Sensitive Land Use Planning approach is still absent in the mainstream plan preparation methodology. In this respect, Urban Development Directorate has played pioneering role as they had developed a module for mainstreaming disaster risk preventive measures into comprehensive Land Use development planning and management for Mymensingh Strategic Development Planning (MSDP).

Chapter IV: Urban Governance and Legislation Issues

After 1990 some steps were taken to control the development trend in big cities. These included preparation of development plans for Dhaka, Chittagong, Khulna and Rajshahi cities, and formulation of different development control tools like Building Construction Rules (1996), Private Residential Area Development Rules (2004) and Dhaka Metropolitan Building Construction Rules (2008). The Bangladesh National Building Code (BNBC) which was prepared in 1993 came into force in 2006 after some modification. Other legislations which are relevant for the urban sector include Bangladesh Environment Protection Act 1995 (modified in 2000) and the Wetland Preservation Act 2000. There are number of initiatives regarding formulation of legislation for urban management: The 'Real-estate development and management Act, 2010' and its Rules, 2011 have been formulated and 'Land Development Rules for the Private Residential Projects, 2004' have been updated. Besides, the draft Bills have been prepared to establish 4 (four) development authorities for Kuakata, Barisal, Sylhet, and Rangpur. Updating and modification of the 'National Housing Policy, 2012' has been approved to protect the cultivable land and for the planned usage of land for housing. Urban and Regional Planning Act, 2016 (Draft) is another initiative. The main objective of this act is to ensure effective land use management and integrated development in a planned way for preventing unplanned urbanization. The Act is intended to integrate national policies into physical plan at different tiers, such as National level, Regional level, Metropolitan level (city level) and Local level. The act proposed for formulation of two tiers of Urban and Regional Planning Councils, for addressing and managing different urban issues.

Improving Participation and human rights in urban Development

UDD is one of the leading national planning organizations dealing with the physical planning matters of the country. Recognizing the changing scenario and the importance of people's participation in the planning process, UDD has shifted from making traditional Master Plan towards more people oriented development plan. Participatory Rapid Appraisal (PRA) is an approach used to incorporate the knowledge and opinions of people in the planning and management of development projects and programs. In recent years there has been rapid expansion of new participatory reflection and action methods and related approaches in the context of planning and research. PRA methods are now increasingly used in both rural and urban situations. It can ensure and protect the voice of people of different classes. Formation of CBO, WLCC, TLCC at Paurashava level may ensure more people's participation in development process. It will ensure more transparency in urban governance and bridging the gap between formal and informal sector.

Challenges experienced and lessons learnt

It is important to note that notwithstanding widely-shared perceptions on weaknesses of the local government system, Bangladesh has made remarkable strides in a host of areas including food production, safety net programs, rural infrastructure, credit provision, primary education, child immunization, family planning, sanitation, drinking water provision, ICT etc. Future challenges and issues in these areas include unified framework law for local governments, reforms in field administration, rationalizing LGI functions, strengthening constitutional protection of local government system.

Chapter V: Urban Economies Issues and challenges

It is now widely recognized that urban centres within most developing economies are 'engines of growth' and sites of opportunity for those seeking to improve their livelihoods. Bangladesh is no different, with the labour force for Dhaka alone growing by 15% between 1996 and 2000, compared with 7% for the country as a whole. The growing urban economy in Bangladesh relies on a large pool of informal labour. The 2005 Labour Force Survey suggests that as much as 74% of the urban workforce is in the informal sector. In fact informal labour is the most important asset for poor urban households. It is through labour that the migrant households benefit most from informal economic growth and many workers in these sectors have successfully capitalized on these opportunities and significantly improved their earned income. Not only does this mean improved livelihoods for many families but, given the high percentage of migrants in sectors such as the garment industry, the resulting flow of remittances also has important positive impacts on rural poverty.

Challenges experienced and lessons learnt

Much of the Social Security Programmes (SSP) are focused on addressing the risks faced by the rural poor. With the evolving economic transformation in Bangladesh where contribution of the rural economy to both the GDP and employment is declining and the urban economy is growing with an increasing number of poor in the urban areas, the Social Security System needs to be rethought strategically to anticipate the importance of these changing economic and social dynamics and develop programmes to more inclusive system whereby the poor and vulnerable can expect to access SSPs irrespective of where they live. On the other hand, limited access to serviced land is resulting obstacles to their meaningful participation in the urban economy. The urban land market which directly affects the urban environment and quality of urban life suffers from many distortions due to lack of proper land development and management policies including lack of planning and slow provision of infrastructure and services, thus leading to unplanned or ribbon development of land in the urban periphery. Adequate institutional setting and legal provision need to be made to ensure adequate supply of service land in the urban market to address the crisis yet without undermining the environmental and ecological sustainability.

Chapter VI: Housing and Basic Services Issues and Challenges

Lack of adequate housing for large urban population is obviously a key problem in all of the cities and secondary towns in Bangladesh. Housing deficit in urban areas grew from 1.13 million units in 2001 to 4.6 million units in 2010. The deficit is projected to reach 8.5 million units in 2021 if investment in the housing sector does not keep pace with the growth of population. Nearly 44 percent of the urban households live in purely temporary structures while those living in semi-permanent structures comprise about 29 percent of the urban households. Only about 28 percent of the households live in permanent structures. These data suggest that overwhelming majority of urban households live in poor quality houses. So, in terms of both quantity and quality, urban housing presents a need for major policy challenge in Bangladesh.

Challenges experienced and lessons Learnt

Future challenges for providing affordable housing and infrastructure for people of all income classes such as lack of wetland, open spaces, public parks, and land with tree cover causes environmental degradation, deprives people of spaces for physical activities, and creates aesthetic discomfort. Making living comfortable by maintaining unique character of residential areas; using resource efficiently for construction of buildings; reducing building density to manageable level; protecting cities - buildings and infrastructure, from natural disasters such as floods and cyclones, climate change impacts and earthquakes pose increasing challenge for cities. Another key challenge is management of slums to make them part of dynamic urban economy. The strategies include upgrading slums, resettlements of slum dwellers, ensuring tenure security, enhancing access to infrastructure and all urban services, promoting income generating activities and providing social safety net coverage with special attention to generation of employment opportunities for the youth.



Housing at the Centre: Role of RAJUK

M. Bazlul Karim Chaudhury¹

Introduction

World Habitat Day is observed all over the world to make this human habitat more humane, safe and equitable. Urbanization throughout the world is the most visible and challenging phenomenon which at the same time opens up opportunities. Half of the world population already lives in the urban areas. This requires a rational planning with a vision to guide this urbanization to a more balanced path. The urbanization rate is also very high in Bangladesh though it still remains in one-third population. But the growth trend shows how we will take this challenge. Here comes the need of people and their aspirations to cater for, as decent, safe and affordable housing is a pre-requisite of improved habitat.

This year the theme of World Habitat Day has been fixed as "Housing at the Centre" considering the housing shortage and need for better housing all over the world. A study shows almost 1.6 billion people live in sub-standard houses and 1 billion people are homeless (www.indiacelebrating.com). This statistics is rather alarming and shows a long path towards an equitable future. Since long, economy and employment was in the centre of development; now it is the turn to think about peoples' need and aspiration. So, the purpose of celebrating World Habitat Day can be mentioned as follows:

- To pay a big attention towards the need for better shelter all over the world.
- To share the priority of affordable and adequate housing everywhere.
- To bring the positive changes in the systems including policies and attitudes of person causing poverty housing.
- To reflect on the states and towns and pay attention on the basic human rights for adequate shelter.
- To increase the awareness worldwide of joint responsibility for the future generation's habitat".

So, in this year's celebration housing is perceived in a holistic approach in the planning arena and putting it into the centre of development.

Importance and Challenges in Housing Sector

Undoubtedly decent housing is a basic human right for physical, mental and social wellbeing of a person as described in the definition of 'Housing' instead of mere shelter. Besides, housing must not be considered as property only. Its socio-economic importance is also very high.

Being a developing country, Bangladesh also suffers from housing backlog. This is prevalent among the low income people and people lives under subsistence economy. A World Bank study (2010) shows annual housing need extends upto 5 million units with 1.0 to 1.5 million units in urban areas. At the same time 18% people have housing shortage. According to BBS (2014) 1.5% people live in slums in Bangladesh which means 2.23 million people live in substandard housing. In the capital city Dhaka the number is 1 million (BBS, 2014), whereas the number is several million according to unofficial statistics. RAJUK being the authority of the capital city bears responsibility to ensure housing for all through its direct and indirect interventions. From the very beginning, RAJUK has taken a number of projects to

¹ Chairman, Rajdhanee Unnayan Kartripakkha (RAJUK)



increase housing supply through sites and services schemes. During 60's RAJUK developed projects in some undeveloped areas such as Gulshan, Banani, Baridhara and Uttara Model Town, Nikunja (North and South), Jhilmil and Purbachal New Town after liberation.

Vision and Missions of RAJUK

Rajdhani Unnayan Kartripakkha (RAJUK) is a statutory Government Organization, under the Ministry of Housing and Public Works. RAJUK was established in 1956 as Dacca Improvement Trust (DIT) under the Town Improvement Act, 1953 (TI Act 1953) with special power to develop, improve and expand the capital city and its vicinity areas (TI Act, 1953). It was entrusted with the development of a planned city and faces the development challenges posed by the rapid urbanization of the city. So, RAJUK has specific mission and vision as mentioned in the last Annual Report of the authority:

Vision: To be an apex planning authority to build a healthy and livable capital city Dhaka.

- Housing is a basic need and the rights of any citizen. Master plans for all cities and towns should designate planned areas for rehabilitation and resettlement of the urban poor. These projects will be then implemented like any middle and high income housing projects in any urban center.

The present government policy is to increase the supply of public housing to lower income groups (LIG) but currently it is evidenced that beneficiaries are mostly the government staff. If land is made available for large scale LIG housing, the private sector can work alongside the government to provide housing in various forms of rental as well as home ownership schemes targeted towards the LIG. The goal of developing inclusive cities and slum free cities is more achievable through a PPP process. In this regard the following steps needs to be considered;

- Strategy of producing mass housing to achieve greater density, better quality of life and promote inclusivity.
- Housing complex with generous open space, neighborhood commercial and recreational spaces.
- Provision of more light, air and green space for every household.
- Induce cross subsidy by providing middle and low income range of housing in a common area.

5.0 Suggested Mechanisms to Provide Affordable Housing in Urban Bangladesh:

There are three ways to provide affordable housing delivery to the poor by the Government i.e.

- i. Make the land allocation process pro poor.
- ii. Planned resettlement of slum and squatter settlements instead of eviction.
- iii. Upgrading of existing low income settlement areas after ensuring security of tenure.

Housing delivery and finance have to be facilitated to match and meet the requirements for affordable low income group shelter needs. Some of these steps are,

- Expand the range of financial resources available for housing finance.
- Encourage existing MFI's to finance urban poor housing. Collaboration with private sector developers to encourage them to build low cost housing and deliver to the actual consumer at minimum profit.
- Design sustainable housing which will be lower in cost. They should be targeted to groups who have permanent nature of jobs i.e. industrial workers, government and semi government low income employees as priority groups.
- Inclusion of low income housing in all existing projects and programs for housing and land



development by public and private sector. Re-planning of existing sites & services schemes, public housing areas of PWD, NHA & City Development Authorities. This will allow substantial amount of land for LIG housing.

6.0 Recommendations

Planning for implementation of formal housing programs for the urban poor in all areas of Bangladesh is an imminent need. The important step in this direction is to make detail study on the housing need, delivery and financing process for large scale low cost housing. The existing stock of available public land needs to be reviewed too. At the same time a series of actions need to be taken to stop informal growth and ensure steps to achieve housing rights of the poor and landless in our town and cities. The following steps are recommended by the author;

- Implementation of the National Housing Policy.
- Government should implement the Urban Sector Policy (Draft) to achieve balanced urban planning.
- Government and semi-government agencies should hand over their unused and underutilized lands.
- Assessment of the informal housing stock in all urban areas and devise means and ways for formalizing this stock. Chalk out plans and programs for rebuilding and redistribution of such housing.
- Revise the housing allotment process for any LIG housing.
- Stop all eviction activities and approve an anti eviction bill in the National Parliament.

There is an urgent need for introducing innovative finance mechanisms for LIG housing. Community development should include mobility of community savings which can be channeled into housing finance. The UPPRP in 27 cities of Bangladesh has formed community groups which in the last decade accumulated large amount of group savings. It is now the right time to take the following measures in these project towns;

- Formulate PPP programs for direct provision of housing to the community group members.
- Microfinance for housing should become a main portfolio for NGO's working in the microcredit sector.
- Innovative approaches should be designed to use the savings and transform low income settlements into standard housing.

Examples of Low Cost Housing Program in Dhaka By ARBAN an NGO:

ARBAN an NGO has demonstrated that it is possible to construct low cost real estate projects in multistoried buildings for the LIG. They have constructed a housing project for their saving members and planned for a second project for members of their micro credit program. The two projects are briefly outlined below as case studies in LIG housing. The projects are supported by Centre for Urban Studies (CUS) and located in Mirpur & Meradia, Dhaka.

Project - 1:

Low Cost Housing Project in Mirpur

Project Description: ARBAN, an NGO working for the poor in Bangladesh, has built an apartment complex for 40 slum households in **Mirpur, Section-2**. The beneficiary households utilized their micro-credit savings for purchase of the land. They received housing loan assistance from ARBAN. The design and supervision of the housing has been done by CUS members. The owners contributed their time for construction, management and fulltime supervision of the project.



Feature of ARBAN housing project:

- Construction period: 2 years (2007- 2009)
- Construction cost: Tk. 2,16,00,000
- Estimated expenditure of each flat: Tk. 8-9 lac
- Down payment for land purchase: Tk. 25000/per family
- Estimated cost price per apartment: Tk. 1000/sft
- No. of Apartment: 8 (Eight)/Per Floor [40 in Total]
- Size of Apartments: 374 sft to 492 sft (34.76 sqm to 45.72sqm)
- The project started in 2006 and currently the households are living in the complex
- The completion Date was December 2011




Fig: Plan



Fig: Front Elevation

Project - 2:

Low Cost Housing Project in Rampura

Project Description: ARBAN has recently started the process for implementation of a low cost housing project at Meradia, Khilgaon, Dhaka. It is adjacent to the Banasree housing area in Rampura, Dhaka South City Corporation. The project consists of 63 Flats (Building-1) and 27 Flats (Building-2) with parking facilities. The project beneficiaries will be low income group people who are micro credit members and staff of the NGO.

Name of Project : ARBAN View
Land Area : 18.61 katha (Approx)
Building Type : 10 Storied Residential
Car parking : Ground Floor (24 Nos.)
Residential Floor : 1st to 9th Floor
Apartment Size :

BUILDING-1	
TYPE-A	700 sft
TYPE-B	660 sft
TYPE-C	660 sft
TYPE-D	720 sft

BUILDING-2	
TYPE-A	900 sft
TYPE-B	850 sft
TYPE-C	870 sft

Present Position: The project is now at the detail design phase. Rajuk has approved the plan. The detail design and preparation for construction of the project is ongoing. It is envisaged that the construction work can be completed in two years (Target date December 2018).



Fig: Top View



Fig: Plan

References:

- Islam, N., Shaft, S.A. (2008). *A proposal for a Housing Development Programme in Dhaka City*. Centre for Urban Studies (CUS), Dhaka.
- Shaft, S.A. (1999). *Study on Financing of Urban Low Income Housing*. Sheltech Consultants (Pvt.) Ltd.
- Islam, S. (ed.). (2012). *National Encyclopedia of Bangladesh*. Asiatic Society of Bangladesh.

আগামী দিনের ঢাকা এবং নগর নীতি

প্রকৌশলী সরদার মোঃ আমিন^১

সম্প্রতি গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী মহোদয় ঢাকার আবাসিক সুবিধা বাড়াতে বেশি করে হাই রাইজ ভবন তৈরীর কথা বলেছেন। জমি কম হলে আনুভূমিক (Horizontal) প্রসারণের চেয়ে উল্লম্ব (Vertical) প্রসারণ যথার্থ, তা সহজেই বলা যায়। কিন্তু নগর ক্রাইটেরিয়া অনুসরণ করলে তা জনচাপে পিষ্ট এই ঢাকা নগরীতে কতটা যথার্থ, সেটা নিয়ে ভাবতেই হবে।

কয়েকদিন আগেও বিশ্বে ২৬টি মেঘাসিটি (জনসংখ্যা ১ কোটির উপর যেসব নগরী) ছিল। এখন ৩৬টি। তার মধ্যে ঢাকার অবস্থান ১৭ তম। একটি বড় নগরী গড়ে উঠলে তাতে বসবাসের কিছু ক্রাইটেরিয়া মানতেই হয়। না হলে তা বসবাসের অনুপযোগী নগরীতে রূপ নেয়। মেঘাসিটির মধ্যে ঢাকা এখন বিশ্বের বসবাস অযোগ্য নগরীর একটা। কোন বছর এর স্থান হয় ২য়, কোন বছর ৪র্থ এবং ১০টি বড় নগরীর মধ্যে থাকে। এবার আছে ৪র্থ অবস্থানে। তারপরও ঢাকাতে দৈনিক ৩৫০০ লোক নতুনভাবে বসতি গড়ে। একটি নগরী মানে এরকম না যে, যতটা পুট আছে ততটাতেই ভবন নির্মাণ করতে হবে এবং সুউচ্চ ভবন নির্মাণ করতে হবে। করা গেলেই করা যায় না। বিশাল নগরীর ক্রাইটেরিয়াতে খোলা যায়গা, রাস্তার পরিমাণ, জলাধার, মাঠ, বাগান-এসব নানা বিষয় রাখতে হয়। নগরী মানেই ভবনে ঠাসা কংক্রিটের বস্তি বানানো না, যেখানে আঙন লাগলে গাড়ী ঢুকতে পারে না বা রোগীর জন্য এ্যাম্বুলেন্স ঢুকতে পারে না। নগরীর একটি ক্রাইটেরিয়া আরবান ইঞ্জিনিয়ারিংয়ে সুনির্দিষ্ট আছে। এ বিষয়টি বুঝতে হলে সবাইকে আরবান ইঞ্জিনিয়ার হতে হবে এমন নয়, কিন্তু এ সম্পর্কিত ব্যবস্থাপনার বিষয়ে ন্যূনতম জ্ঞান থাকা প্রয়োজন। নগরী হলো মানুষকে আদর্শ নাগরিক জীবন দেয়া।

নগরীতে বসতির ঘণত্বের উপর তার সার্ভিস সিস্টেমগুলো দাঁড় করাতে হয় যেমনঃ পানি সরবরাহ, মানব বর্জ্য ব্যবস্থাপনা, কঠিন বর্জ্য (solid waste) ব্যবস্থাপনা, বিদ্যুৎ (energy), গ্যাস বা জ্বালানী, যাতায়াত ব্যবস্থাপনা, পোকামাকড়ের নিয়ন্ত্রণ এরকম নানা বিষয়। তাছাড়া, প্রতি বর্গকিলোমিটারে কত লোকের জন্য কতটা স্পেস দরকার, সে অনুযায়ী বসতির ঘণত্ব হতে হবে। বড় শহরগুলোতে এনার্জি সরবরাহ নিয়ন্ত্রণ, সলিড ওয়াস্ট ও মানব বর্জ্য যতটা কমিয়ে রাখা যায় সে বিষয়ে এখন গবেষণা ও কাজ করা হচ্ছে। শুধু নিউ ইয়র্ক বা লন্ডনের মত সিটিগুলোতেই নয়, ভারতের কোলকাতা, মুম্বাই, দিল্লী এসব সিটিতেও এনার্জি খরচ কমিয়ে রাখা এবং সলিড ওয়াস্ট কমানোর জন্য নগরীতে লোক বসতি কমানোর নানা পদ্ধতি রয়েছে। বড় শহরে কাছাকাছি শহর ও জনপদগুলোর সাথে রেল, মেট্রো ও সড়ক যোগাযোগ সহজ ও দ্রুত করে দেয়া হয়েছে, যাতে করে লোকে নগরীতে কাজ করতে সকালে ঢুকবে, বিকেলে বেরিয়ে যাবে। তাতে নগরীতে লোকের কাজ হলো, কিন্তু স্থায়ীত্বকাল কম হলে বর্জ্য কম হবে, এনার্জি কম খরচ হবে, পানি খরচ কমবে। কোলকাতায় এরকম প্রায় ৪০ লাখ লোক প্রতিদিন বাইরে থেকে নগরীতে প্রবেশ করে ও বিকেলে চলে যায়। বাসার কাজের বুয়াও অনেকে সকালে ট্রেনে ৬০ মাইল দূর থেকে এসে কাজ করে বিকেলে ফিরে যায়। এক ঘন্টার দূরত্ব বারাসাত এর কাজীপাড়া থেকে প্রত্যহ বিশ্ববিদ্যালয়ের ছেলে মেয়েরা ট্রেন ধরে এসে ক্লাস করে আবার বাড়ী ফিরে যায়। তাদেরকে নগরীতে হোস্টেল বা মেসে থাকতে হচ্ছে না। সাপ্তাহিক ছুটির দিনগুলোতে নগরী ফাঁকা থাকে। ঢাকা নগরীতে সেরকম পরিবহন ব্যবস্থা গড়ে উঠেনি। সকলেই ঢাকা নগরীতে থাকতে চায়। ঢাকার উপকণ্ঠে সুন্দর একটি আবাসিক এলাকা ব্যাংক টাউনেও নিজ বাড়ীতে কেউ থাকতে চায় না যানজটের কারণে। সাপ্তাহিক ছুটির দিনগুলোতেও নগরীতে ভয়াবহ যানজট সৃষ্টি হয়। সেজন্য বড় শহরগুলোর সাথে ঢাকার জনসংখ্যার ঘণত্ব দেখলে এরকম দাঁড়ায় - প্রতি বর্গ কিলোমিটারে ঢাকা- ৪৫,০০০ জন, মুম্বাই - ২২,৯৩৭ জন, কায়রো-১৯,৩৭৬ জন, সিউল-১৭,০০০ জন, বেইজিং-১৫,৪২৩ জন, ম্যানিলা- ১৫,৪০০ জন, জাকার্তা-১৪,৪৬৪ জন, কোলকাতা-১৪,০০০ জন, নিউইয়র্ক-১০,৭২৫ জন, সিঙ্গাপুর-৭,৫৪০ জন, টোকিও-৬,০০০ জন, দিল্লী - ৫,৮৫৫ জন। এরপরও ২০১৪ সালে ফোর্বস ম্যাগাজিন এক পরিসংখ্যানে বলেছে দিল্লী দুনিয়ার সবচাইতে অপরিচ্ছন্ন সিটি। এসব নগরীগুলোর আরবান এরিয়া দাঁড়ায় যথাক্রমে বর্গকিলোমিটারে (ব.কি) ঢাকা- ৩৬০ ব.কি, মুম্বাই- ৬০৩ ব.কি, কায়রো-৫২৮ ব.কি, সিউল-৬০৫ ব.কি, বেইজিং-১৩৬৮ ব.কি, ম্যানিলা-১৪৭৫ ব.কি, জাকার্তা-৬৬৪ ব.কি, কোলকাতা-১৮৮৬ ব.কি, নিউইয়র্ক-১২১৪ ব.কি, সিঙ্গাপুর-৭১৬ ব.কি, টোকিও-২১৮৭ ব.কি, দিল্লী- ১৪৮৪ বর্গকিলোমিটার। ঢাকা ১৫২৮ বর্গকিলোমিটারের ড্যাপ প্লানে থাকলেও নগরী এখনো ৩৫০ বর্গকিলোমিটার মাত্র।

^১ আইস অেসিডেন্ট, এডমিন, বিহার

তার মানে ঢাকা নগরী আয়তনের দিক থেকে সবচাইতে ছোট নগরী হলেও বসতির হার সবচাইতে বেশি। বিশ্বের ২৫ লাখের উপরে জনসংখ্যার নগরীর মধ্যে ঘনবসতির দিক থেকে বাংলাদেশে দুইটি নগরী রয়েছে, ঢাকা ও চট্টগ্রাম। সাগর বা সাগর অদূরের বড় নদী ছাড়া একটি বড় নগরী গড়ে তোলা কঠিন ও ব্যয় বহুল ও অনেক ক্ষেত্রে অসম্ভব। নগরীর সবচাইতে সংবেদনশীল বস্তু হলো মানব বর্জ্য ও গৃহকর্মে ব্যবহার্য কঠিন বর্জ্য ব্যবস্থাপনা। এগুলোর ব্যবস্থাপনা কেবল ব্যয়বহুলই নয়, ট্রিটমেন্ট প্লান্ট থাকলেও ডিসপোজাল সিস্টেম পানি প্রবাহের সাথে ভালভাবে না থাকলে সে নগরীর ভাল পরিবেশ বজায় রাখা সম্ভব না।

প্রতিটি উন্নত দেশ বা জাতির প্রতীক হয়ে দাঁড়ায় তার বিশাল বিশাল নগরী। নগর সভ্যতার গোড়া পত্তনেই মানব সমাজের সামাজিক অগ্রগতির যাত্রা শুরু হয়। হরপ্পা বা মহেঞ্জোদারোতে কখন পয়ঃপ্রণালী শুরু হয়, গ্রীসের রাজার দোতলা ভবনের উপর কখন পানি তোলার কল তৈরী হয় সেসবই সভ্যতার মাইল ফলক। কোন গ্রামের সুন্দর প্রকৃতি বসবাসের জন্য কিরকম নয়নাভিরাম ছিল, মানব সভ্যতার ইতিহাস জানতে সে খবর কেউ নেয় না। সেজন্য সভ্য তথা শিক্ষিত মানুষের কর্মস্থল হয় নগরী। নগরীই পুরো দেশকে উন্নতির পথে নিয়ে যায়। কিন্তু নগরীর প্রাথমিক উন্নতির পর্যায়টাতে দরকার হয় নানা শ্রেণির লোক। যেমন শ্রমিক বা বর্জ্য পরিচ্ছন্ন শ্রেণি নগরীতে বিরাট পরিমাণে থাকতে হয়। না হলে সে শহর হয়ে পড়ে ব্যয় বহুল বা বেশি রকম যত্ননির্ভর। সেজন্যই ঢাকার বস্তি বা ফুটপাতে ৪০ লাখ লোক বাস করে মানে করতে হয় বা মুম্বাইয়ের বিশাল বস্তিতে ৫০ লাখ লোকের বসবাস। তারা তাৎক্ষণিক দরকারে আসে বলেই তারা নগরীর প্রাণ। তাদেরকে সরালে নগরীর আন্তঃশক্তিই কমে যাবে। সেজন্য এসব উন্নয়নশীল নগরীতে জনসংখ্যা বাড়ে। কিন্তু যতটা সম্ভব জনসংখ্যাকে নগরীর বাইরে থেকে এসে কাজ করার ব্যবস্থা করা জরুরী।

একটা শহরের পোটেনশিয়ালিটি (Potentiality) বা আন্তঃশক্তি নির্ভর করে তার জিডিপির উপর। ২০১৪ সালের তথ্যমতে বোম্বে শহর পুরো ভারতের ৬.১৭% জিডিপি জোগান দেয়। মহারাত্রী রাজ্যের ৭১% জোগান দেয়। তার জিডিপির পরিমাণ ১৫৮ বিলিয়ন ডলার। বাংলাদেশের জিডিপি (নমিনাল) এখন ১৫৩ বিলিয়ন ডলার। এর মধ্যে ঢাকা শহরের জোগান ১০০ বিলিয়ন ডলার। ২০১১ সালে এটা ছিল ৭৮ বিলিয়ন ডলার। টোকিও শহরের জিডিপি ২.১৯ ট্রিলিয়ন ডলার। নিউইয়র্ক নগরীর জিডিপি ১.১০ ট্রিলিয়ন ডলার। করাচি শহরও পুরো পাকিস্তানের জিডিপির ২১% সরবরাহ করে। করাচি শহরের জিডিপি ৭৮ বিলিয়ন ডলার। এই জিডিপি অর্জন করতে হলে গড়তে হবে বিশাল নগরী যেখানে রিয়্যাল এস্টেট সেক্টর, সেবা খাত, মেট্রো এলাকার ইন্ডাস্ট্রিয়াল প্রডাক্ট বিশাল ভূমিকা রাখে। তাহলে ঢাকার মত কয়েকটা নগরী যদি বাংলাদেশে গড়ে তোলা যেত, তবে দেশের জিডিপিও বিরাট হয়ে যেত। কিন্তু নগরী গড়ে উঠলে তাতে অর্থনৈতিক কর্মকাণ্ড বিরাট করতে হয়। তার পূর্বশর্ত হলো নগরীর অবকাঠামো ও তার ইউটিলিটি সার্ভিস সিস্টেম। মানুষ সব সময় অর্থনৈতিক কর্মকাণ্ডের দিকে দৌড়ায়। বরিশাল শহরে সরকারী সংস্থার হেড অফিস স্থানান্তর করা হলেও দেশীয় ও বিশ্ব অর্থনৈতিক কর্মকাণ্ড যদি সেখানে না বাড়ে, তবে লোক সংখ্যা সেদিকে ধাবিত হবে না। রাজশাহী শহরকে যত সুন্দরই করা হোক, শহরের অর্থনৈতিক কার্যক্রম বাড়ানো না হলে লোক সেখানে যাবে না। সেদিক থেকে ঢাকা বিশ্বের সবচাইতে বেশি উঠতি অর্থনৈতিক শক্তির নগরী। মেক্সিকো সিটি ও সেরকম নগরী। সেখানে নগরীর নানা সমস্যা থাকলেও লোকে সে নগরীর দিকেই ধাবিত হয়।

ঢাকা শহরের চারদিকে চারটি নদী। তারপরও এই বিশাল নগরীর বর্জ্য ব্যবস্থাপনার দুর্বলতার জন্য সেগুলো এখন মজা খালে পরিণত হয়েছে। একটি বিশাল বিমানবন্দর তৈরী থেকেও ঢাকার বর্জ্য পরিশোধনে ৫০ হাজার কোটি টাকা ব্যয় করা বেশি জরুরি ছিল। বুড়িগঙ্গা থেকে সাগর বহু দূরে বলে এ নগরীকে বরং এতটা বড় না করে চিটাগাং বা খুলনা নগরীকেই বেশি বড় করে নেয়া দরকার ছিল। দিল্লীর পরিবেশও খারাপ হয় একই কারণে এবং তার ব্যবস্থাপনা খুবই ব্যয় বহুল। আমরা একটি নগরী গড়ে তুলতে এসব নানা বিষয় নিয়ে একেবারেই ভাবছি না। সব ক্ষেত্রেই এডহক সমাধান তথা 'তাৎক্ষণিক যা করার দরকার তা করার' নীতিতে থাকার কারণে দিন দিন সমস্যা অসমাধানযোগ্য হয়ে পড়েছে।

নিউ ইয়র্কের আশপাশে কোন রিয়েল এস্টেট কোম্পানী একটি পরিকল্পিত এলাকা সিটি কর্তৃপক্ষ থেকে অনুমোদন না করাতে পারায় সেখানে কেউ কোন ঘরবাড়ী করতে পারে না। একটি হাউজিং প্রকল্পের রোডের আকার, তাতে কোন জোনে কত তলা ভবন হবে, তাতে লোক বসতির ঘনত্ব কত হবে, সে অনুযায়ী রাস্তার প্রশস্ততা, তার নানা ইউটিলিটি সিস্টেম ডিজাইন কি হবে তা নিশ্চিত করে অনুমোদন নেয়া হয়। কেবল প্রুট করে দিলাম ও বা ৫ কাঠার, তাতে বসতির ঘনত্ব নির্ধারণ করলাম না, সে যুগ কি আমরা এখনো বজায় রাখবো?

নগর রাত্রি ছাড়া বিশ্বের সাধারণ রাত্রি সমূহের মধ্যে বাংলাদেশ সবচাইতে ঘনবসতিপূর্ণ দেশ। প্রতি বর্গ কিলোমিটারে বিশাল ভারতের লোক বসতির ঘনত্ব মাত্র ৩৭৮ জন, যা চীনে ১৪৪ জন মাত্র, জাপানে ৩৩৭ জন, ফিলিপাইনে ৩২৯ জন।



সেখানে বাংলাদেশে ১০৩৪ জন। এরকম একটি দেশের রাজধানী শহর দেশের একটি বড় জনসংখ্যাকে তথা শিক্ষিত ও দক্ষ জনশক্তিকে একোমোডেট করে। সুতরাং এখানে বসতিও একটি অতি গুরুত্বপূর্ণ বিষয়। পানির দেশ বাংলাদেশে কোন বিস্তীর্ণ মালভূমি নেই যেখানে একটি বিশাল নগরী গড়ে উঠতে পারে। তারপরও ভাওয়াল গড়ের প্রভাবিত এলাকায় একটি বিশাল নগরী গড়ে উঠেছে। নানাবিধ সমস্যা সংকট থাকলেও নগরীটি বিশ্বের ১৭তম বৃহৎ জনসংখ্যার নগরী। বরং বিশ্বের ৮ম বৃহৎ জনসংখ্যার দেশ বাংলাদেশের রাজধানী শহর হতে হতো বিশ্বের ৮ম বড় নগরী। যেমন প্রথম ৩০টি মেগাসিটির মধ্যে চীনেরই আছে ৫টি শহর। পুরো দেশের উন্নয়নে ঢাকা নগরীর প্রভাব ৬৫%। কোলকাতায় যখন একটি রাস্তায় সকাল থেকে দুপুরে দেখা যায় গাড়ী পূর্ব থেকে পশ্চিমে চলে, আবার একই সড়কে দুপুরের পর থেকে পশ্চিম থেকে পূর্বে চলে, তখন বুঝা যায়, সেখানে এ নিয়ে গবেষণা আছে। ঢাকা শহরে প্রতিটা জায়গায় যানজট, সিওরেজ, বিদ্যুৎ, পানি এসবের ভয়াবহ সমস্যা থাকলেও স্বল্প মেয়াদী বা দীর্ঘ মেয়াদী সমাধানের কোন কার্যকর গবেষণা টের পাওয়া যায় না। বরং এসটিপির মত বিশাল পরিকল্পনা এক সরকার নিল, আরেক সরকার এসে সেটা বন্ধ করে রাখলো।

ঢাকার মান্ডা নামক এলাকায় জীবনে একবার গিয়ে দেখলাম শেফ কনক্রিটের বস্তি। রিকসা চলার রাস্তাও ভবন মালিকরা রাখেনি। এটা রাজউক ভবন থেকে দুই কিলোমিটারের মধ্যে হবে। নিশ্চয়ই তারা রাজউক অনুমোদনে ২০ ফুট রাস্তা দেখিয়েছে। বাস্তবে করেনি। কিভাবে এসব ভবনে ব্যাংক লোন দিল, ওয়াসা পানি দিল, বিদ্যুৎ বিভাগ বিদ্যুৎ দিল? কতগুলো ম্যাকানিজমে শহরের বাসিন্দারা আইন অমান্য করতে পারে না। নিউ ইয়র্ক সিটিতে কোন হাউজিং করতে হলে আগে সিটিতে বসবাসরত জনসংখ্যার ঘনত্ব কত হবে তা নির্ধারণ করতে হয়। সে অনুযায়ী বিভিন্ন গ্রুটে সর্বোচ্চ কত তলা ভবন হবে, রাস্তা ও স্যুয়ারেজ সিস্টেম কত হবে তা হিসেব করা হয়। সেখানে কোন ব্যক্তি ইচ্ছেমত বাড়ীঘর করতে পারে না। সেজন্য যে কোন শহর মানে তার কোন অংশ সরকারি পরিকল্পনায় হাউজিং, রাস্তাঘাট থাকবে সে অনুমোদন না নেয়া পর্যন্ত সেখানে কেউ বাড়ী করতে পারবে না - এই নীতি খিঞ্জি শহর তৈরীর পথকে বন্ধ করবে। অকুপেলি সাটিফিকেট নিয়ে পানি, বিদ্যুতের কানেকশন দিলে ভবনগুলোতে রাজউক নিয়মের ভায়োলেশন বন্ধ হবে। কিন্তু সে সাটিফিকেট রাজউক দিবে না। সেটা দিবে কোন কনসালটেন্ট। কেবল কতগুলো নির্দিষ্ট কাগজ তথা প্রমাণপত্র থাকলে দিবে, না থাকলে দিবে না। কোন ব্যক্তির ইচ্ছা অনিচ্ছার উপর তা নির্ভর করবে না।

এ শহরে কোন র‍্যাপিড ট্রানজিট সিস্টেম নেই। যেমন কুয়েত সিটিতে আছে 'সি-পোর্ট টু এয়ারপোর্ট নো-সিগনাল ট্রাফিক সিস্টেম'। মানে সি-পোর্ট থেকে এয়ারপোর্ট যেতে কোন গাড়ীকে কোন সিগনালে পড়তে হবে না, কোথাও দাঁড়াতে হবে না। ঢাকাতো কাঁচপুর থেকে গাজীপুর বা কাঁচপুর থেকে সাভার সেরকম ট্রাফিক তথা ট্রানজিট সিস্টেম করা দরকার ছিল। সিঙ্গাপুর সিটিতে একটি গাড়ী নামাতে পূর্ব অনুমতি নিতে হয়। যে কেউ যখন যেমন ইচ্ছা গাড়ী নামাতে পারে না। সে শহরের (নগর রাষ্ট্রের) জিডিপি ২৭০ বিলিয়ন ডলার। মোট লোক সংখ্যা মাত্র ৫৪ লাখ।

এখানে এখনই দরকার একটি রুটে কয়েকজন ঠিকাদার নিয়োগ করে কাজকে সেগমেন্ট করে ভাগ করে এক বছরের মধ্যে মেট্রো করে ফেলা। এটা সবচাইতে গুরুত্বপূর্ণ। তাছাড়া এ শহরে কোন এসি বাস নেই। এরকম মেগাসিটি বিশ্বে আর নেই যেখানে একটিও এসি বাস নেই। ইদানিং বিআরটিসি কিছু চালু করেছে। যথেষ্ট এসি বাস থাকলে ও মেট্রো থাকলে অনেকে প্রাইভেট গাড়ী রাখতো না। প্রাইভেট গাড়ী ভয়ানক যানজট সৃষ্টি করছে, তা বন্ধ করারও কোন উপায় নেই। এ শহরেই বিশ্বের সবচাইতে বেশি বে-আইনীভাবে গাড়ী চলে। বিশেষ করে ট্রাকও উল্টা পথে পুলিশের চোখের সামনে চলে। কোন কোন ক্ষেত্রে আইন প্রয়োগকারী কর্মকর্তারা উল্টা পথে গাড়ী চালিয়ে যায়। রিকসা উল্টা পথে চালানো তো অহরহ হচ্ছেই। এই শ্রো-যানটি একটি মেগাসিটিতে আর থাকাও উচিত না। রিক্সা, অযান্ত্রিক অন্যান্য যানবাহন ও ট্রেড লাইসেন্সবিহীন দোকানপাটই শহরের মানুষের ঘনত্বকে ব্যবস্থাপনা সীমার বাইরে নিয়ে গেছে।

উপরোক্ত প্রতীতি শহরে কতগুলো ভবন নির্মিত হবে তার সাথে শহরের ট্রাফিক সিস্টেমকে সাজানো হয়। বোম্বে শহরে দৈনিক ২ কোটি ১৪ লাখ লোকের জন্য দৈনিক ২২২৬টি ট্রেন আপ-ডাউন ট্রিপ হয়, ৫৬,৪৫৯ টি টেক্সিক্যাব, ১ লাখ ৬ হাজার অটোরিক্সার সাথে আছে ৪,৬০৮টি বাস ট্রিপ। ঢাকার এরকম তথ্য কোথাও চেয়ে পাওয়া যায় না। মানে কোন গবেষণা নেই। আবাসন সমস্যার সমাধানে কেবল হাই রাইজ ভবন করা হচ্ছে। সিঙ্গাপুর, হংকং, তাইওয়ান, ব্যাংকক এসব শহরে অনেক হাই রাইজ ভবন আছে। মুম্বাইতেও ৩০/৪০ তলা ভবন প্রচুর। একটি কমপ্লেক্স করে হাই রাইজ ভবন তৈরী হয়, যাতে তার ব্যবস্থাপনায় অনেকের অংশ গ্রহণে যৌথ ব্যয় করার মাধ্যমে ব্যবস্থাপনা ঠিকমত করা যায়। কোলকাতায়ও শহরের বাইরে বাইপাস রোডের সাথে রাজারহাটে সেরকম বড় হাই রাইজ ভবনের কমপ্লেক্স করা হয়েছে। এসব ভবন কমপ্লেক্সে শত শত পরিবার থাকে। লিফট, জেনারেটর, বিদ্যুৎ স্টেশনসহ নানা ব্যয় বহুল স্থাপনা ও ব্যবস্থাপনা রাখা যায়। কিন্তু ঢাকা শহরে এখন প্রায় বাড়ীতে ১০ বা ২০টি পরিবার থাকে। সেখানে লিফট, জেনারেটর, ইন্টারকমসহ নানা সুবিধা থাকে। কিন্তু এত অল্প পরিবারে এসব ব্যবস্থাপনা ব্যয় অনেক ব্যয়বহুল হয়। বিদ্যুৎ ব্যবহার তথা এনার্জি ব্যয় বাড়ে। এসব

যান্ত্রিক দ্রব্য আমদানীতে বৈদেশিক মুদ্রার ব্যয় হয় বেশি। অথচ এথেকে বা কায়রোতে দেখেছি, বিশাল সব আবাসিক এলাকা ৫ তলা উপর ভবন নেই। তাতে এতটা যন্ত্রনির্ভর হতে হয় না। যেখানে যন্ত্রনির্ভর হতে হবে সেখানে বিশাল সব ভবনের সাথে ইউটিলিটি ব্যবস্থাপনা ও এনার্জি ব্যবস্থাপনা গড়ে তুলতে পারা যায় সহজে। এক হাজার পরিবারের জন্য একটি বিদ্যুৎ ট্রেশনই বানানো যায় কিন্তু ২০টি পরিবার লিফট ব্যবহার করাটা ব্যয় বহুল হয়। এখনো এ নগরীতে ৭০% বর্জ্য সরাসরি নালায় ছেড়ে দেয়া হয়। দৈনিক ৪০০০ টন মানব বর্জ্য ট্রিটমেন্ট হচ্ছে না। অন্যান্য সমস্যা তো রয়েছেই। সেই শহরে এখনই বসতির পরিমাণ ৪৫ হাজার জন প্রতি বর্গকিলোমিটারে যা বিশ্বের মেগাসিটিগুলোর মধ্যে সর্বোচ্চ। সেখানে নগরীর মধ্যে আর কোন হাই রাইজ আবাসিক ভবন নির্মাণ করতে দেয়াই উচিত না। কমার্শিয়াল জোন করে কমার্শিয়াল ভবন ৫০/৬০ তলা হতেই পারে। কিন্তু মূল শহরে আবাসিক ভবন আগের মত লো-রাইজ তথা ৫ তলায় রাখা উচিত।

আমাদের স্থপতির সৌন্দর্যের সংজ্ঞা বুঝেনি। তারা বলেছিল, একটি আবাসিক এলাকায় নানা উচ্চতায় ভবন থাকলে বেশি সুন্দর লাগে। একই উচ্চতায় না-কি সুন্দর লাগে না। কেবল ফর্সা মেয়েকেই যদি সুন্দরী বলতো তবে তো কালো মেয়ের প্রেমে কেউ পড়তো না। এথেন্স ও কায়রোর স্থপতির কি তাহলে সুন্দরের সংজ্ঞা জানে না?

কেউ হাই রাইজ ভবন কমপ্লেক্স নগরীর বাইরে করতে পারে। সেভাবে বরং রাস্তাঘাট ও ইউটিলিটি সার্ভিস সিস্টেম তৈরী করে দিতে হবে সরকারকে। ভাওয়াল গড়ের অংশ আউলিয়া ও কালিয়াকৈর এলাকায় কোন রাস্তাঘাট ভালভাবে না রেখে অজস্র ভবন যাচ্ছে-তাই ভাবে নির্মিত হচ্ছে। এত সুন্দর উঁচু সমতল ভূমি যিঞ্জি শহরে পরিণত হতে যাচ্ছে। পাকিস্তান আমলে ডিআইটির তৎকালীন প্রধান মাদানী কঠোর পদক্ষেপ নিয়েছিল বলে মিরপুরের মত বিশাল রাস্তাঘাটের উপ-শহর আজ আমরা উপভোগ করছি। না হলে এই মিরপুরও হতো রাজাবাজারের মত যিঞ্জি এলাকা। আউলিয়াতে এখনো সরকার সকল বাড়ী ঘর নির্মাণ বন্ধ করে বিশাল রোড ও সার্ভিস নেটওয়ার্ক ডিজাইন করে তা তৈরী করে দিলে সেখানে বিভিন্ন জোনে প্রচুর হাই রাইজ ভবন নির্মাণ করা সম্ভব। যার পদক্ষেপ না নেয়াতে যে অগ্রশঙ্ক রাস্তার সৃষ্টি হচ্ছে, তাতে সেখানেও ভবিষ্যতে হাই রাইজ ভবন নির্মাণ সম্ভাবনা কমে যাচ্ছে। সরকার চাইলে আউলিয়া ও কালিয়াকৈরে বিশাল সব রাস্তাঘাটের ও স্যুয়ারেজ সিস্টেম ডিজাইন করে সে এলাকাকে নতুন ঢাকা বানাতে পারে। এমনকি রাজধানীও সেখানে সরিয়ে নিতে পারে। কুমিল্লার বন্যামুক্ত বিশাল সমতল ভূমিতে নতুন নগরী করে রাজধানী সেখানে সরিয়ে নিতে পারে আরেকটি বড় নগরী গড়ার জন্য।

গত মার্চে আমি কোলকাতা গিয়েছিলাম কেবল কোলকাতা সিটিকে বুঝার জন্য। কোলকাতা সিটি করপোরেশনের ডিজি বললেন, পুরান কোলকাতায় তারা হাই রাইজ করতে দেন না। দিবেন কিভাবে? সেখানে তো রাস্তা বড় করার উপায় নেই। পুরান কোলকাতায় সরু রাস্তাঘাট, অপরিষ্কার স্যুয়ারেজ ব্যবস্থা বলে লোক বসতির ঘনত্ব বাড়তে থাকলে নানা সমস্যা দেখা দিত। সেখানে তিনি কোন উঁচুতল ভবন নির্মাণের অনুমোদন দেননি। সেখানে 'ফার' ও রাস্তার প্রশস্ততার সাথে ভবনের উচ্চতাকে নিয়ন্ত্রণ করা হয়। এখানে সেটা তুলে দিয়েছে। আর ঢাকার যিঞ্জি এলাকা পুরান ঢাকায় বিশাল ধোলাই খালকে বন্ধ কালভার্ট বানিয়ে রাস্তা সুবিধা সৃষ্টি করে বা সরু সব পুরনো রাস্তায় বড় বড় ভবন, মার্কেট ইত্যাদি তৈরী করা হয়েছে ও হচ্ছে। সুতরাং ঢাকা নগরী জনচাপ থেকে মুক্ত নয়, তাকে আরো কিভাবে চাপে ফেলে একটি পরিত্যক্ত নগরী বানানো যায় সে ব্যবস্থা করা হচ্ছে। কেউ কি ভাবে যে দৈনিক ২৫০ কোটি লিটার পানি এখনো কিভাবে ঢাকার মাটির তলা থেকে ডিপ টিউবওয়েল থেকে পাওয়া যায়? সেটাই বরং ভাগ্য। তবে বুড়িগঙ্গার দিকে মুখ করে রাখা ভবনের বারান্দায় কেউ বসতে পারে না, সেটাও বড় দুর্ভাগ্য বটে।

কোলকাতা নগরীর আলাদা কয়েকটি সিটি করপোরেশন আছে। যেমন মূল কোলকাতা সিটি করপোরেশন, সল্টলেক সিটি করপোরেশন ও রাজারহাট সিটি করপোরেশন। আমাদের দেশটি যেমন ঢাকা কেন্দ্রীক, তেমনি ঢাকাকে করা হয়েছিল গুলিস্তান কেন্দ্রীক। তা এখন দুইভাগ হলেও কেন উত্তরা আলাদা হবে না বা গুলশান বনানী।

এ নগরীর মাত্র ১৩% মানুষ নিজের বাড়ীতে বা ফ্ল্যাটে থাকেন। অবশিষ্ট ৮৭% মানুষের নিজস্ব কোন আবাসন ব্যবস্থা নেই। রিহাব এর ১২০০ সদস্য সহ মোট ২৫০০ কোম্পানী ভবন নির্মাণ করছে। এছাড়া করছে প্রাইভেট মালিকরা। তাতে গত কয়েক বছর বাড়ী বিক্রি হচ্ছে না। এত বেশি রেজিস্ট্রেশন ব্যয় বিশ্বের অন্য কোন দেশে নেই, এখানে আছে। তাতে সারা দেশে জমি বেচাকেনা কমে গেছে। জমি বেচাকেনার মাধ্যমে যে ঢাকার চলাচল হয় তা শ্রম ও ব্যবসা বাণিজ্যকে মূলত সচল রাখে। এ পরিস্থিতি থেকে উত্তরণের জন্য যেন কেউ নেই।

ড্যাপ করে নগরীর পরিকল্পিত প্রসারণ যেন বন্ধ করে দিল। ড্যাপ একটি ক্রটিপূর্ণ পরিকল্পনা যেটাকে জোর করে বাস্তবায়ন করার চেষ্টা হয়েছিল। নগরীর পরিকল্পিত বৃদ্ধি না হওয়ায় বিদ্যমান প্লটে এপার্টমেন্ট করার ক্ষেত্রে জমিওয়ালাদের

চাহিদা আকাশচুম্বি হয়েছে বলে ফ্ল্যাটের দাম বেড়ে গেছে। বড় বড় কনডোমেনিয়াম করে তাতে শিশুদের স্কুলসহ নাগরিক সুবিধা বাড়ানোর জন্য দরকার সরকার থেকে জমি বরাদ্দ করা। কোলকাতার রাজারহাট সেভাবেই করা হয়েছে। এখানে এখনো ছোট ছোট ভবন নির্মাণ করা হচ্ছে।

সেজন্য বিশ্বের বড় বড় শহরগুলোর উপর গবেষণা করে তার মধ্যে সামঞ্জস্যপূর্ণ ও উত্তম বিষয়গুলো বাস্তবায়ন করার নীতি গ্রহণ করা দরকার। এখন বাংলাদেশ যে পর্যায়ে দাঁড়িয়েছে তাতে সবকিছুতে আমাদেরকে পরিকল্পিত হতে হবে। মন্ত্রী মহোদয়রাও যেন সেভাবে তাদের চিন্তা চেতনা পরিবর্তন করেন।

নগরনীতি প্রণয়নে সরকারের কাছে কয়েকটি প্রস্তাবঃ

- ১) নগর মানেই সকল জমি সরকার ছকুম দখল করবে ও বিভিন্ন কোম্পানী দ্বারা পরিকল্পিত এলাকা তৈরী করার পর তা নাগরিকদের কাছে বরাদ্দ হবে।
- ২) ঢাকাতে অতি দ্রুত নির্মাণ করতে হবে মেট্রো। যানজট কমাতে কারের ব্যবহার কমাতে হবে। তা কমাতে বেশি পরিমাণে এসি বাস চালু করতে হবে।
- ৩) সরকার নিজে হাউজিং বা এপার্টমেন্ট ভবন নির্মাণ করবেন না, সরকার কেবল রেগুলেটরী বডি হিসেবে কাজ করবে।
- ৪) নগরীর সম্পূর্ণ স্যুরারেজ সিস্টেমকে জরুরী ভিত্তিতে তৈরী করতে হবে। ট্রিটমেন্ট করা ছাড়া কোন আনট্রিটেড পানি বুড়িগঙ্গা নদীতে পড়তে পারবে না।
- ৫) নগরীর আশপাশে বিরাট এলাকা নিয়ে ছোট ছোট ঘর করে দিতে হবে নগরীতে কাজ করা শ্রমজীবী মানুষের জন্য।
- ৬) রিকসা ও যে কোন অযান্ত্রিক যান তুলে দিতে হবে।
- ৭) ট্রাফিক নিয়ন্ত্রণে পুরো সিগনাল পদ্ধতি চালু করতে হবে। নগরীর ট্রাফিক অনিয়মে বড় রকমের শান্তির বিধান রাখতে হবে ও কার্যকর করতে হবে।
- ৮) আবাসিক এলাকায় সীমিত আকারে দোকান, মাঠসহ শিশুদের স্কুল ও হাসপিটাল থাকতে হবে। থাকতে হবে রেস্তুরেন্ট, যেন নগরবাসি ক্রমে নিজ বাসায় রান্না করা বন্ধ করতে পারে।
- ৯) বড় বড় কনডোমেনিয়াম করার জন্য সরকার জমি বরাদ্দ দিতে হবে।
- ১০) কোন ভবন অক্যুপেন্সি সার্টিফিকেট ছাড়া ব্যবহার করার মত ইউটিলিটি সার্ভিস কানেকশন দিতে পারবে না। তবে অক্যুপেন্সি সার্টিফিকেট কেবল রিহাব/সিটি করপোরেশন দিবে এবং কেবলমাত্র সুনির্দিষ্ট প্রমাণপত্র ভিত্তিক দেয়া বা না দেয়ার পদ্ধতি করতে হবে।
- ১১) ভবন নির্মাণ নীতিমালাকে পুনরায় পরিবর্তন করে রাস্তার প্রশস্ততা অনুযায়ী ভবনের উঁচতা নির্ধারণ করতে হবে। পুরান ঢাকায় বহুতল ভবন নির্মাণ না করার বিধিমালা করতে হবে।
- ১২) ড্যাপকে বাস্তবমুখী করতে পুনরায় প্রণয়ন করতে হবে।
- ১৩) জলজ এলাকা বজায় রাখতে তা সরকার ছকুম দখল করতে হবে ও জনগণের মধ্যে মাছ ও ফসল চাষের জন্য লিজ দিতে হবে।
- ১৪) নগরীতে প্রাইভেট গাড়ীর সংখ্যা নির্ধারণ করে দিতে হবে যেন গাড়ীর রেজিষ্ট্রেশনের দ্বারা তা নিয়ন্ত্রণ করা যায়।
- ১৫) এসটিপির মত পরিকল্পনা করে নগরীতে লোকজনের বড় অংশ আশপাশের শহর থেকে ট্রেনে এসে কাজ করে ফিরে যাবার ব্যবস্থা করতে হবে।
- ১৬) ট্রেড লাইসেন্স ছাড়া কোন প্রকার দোকান, টং দোকান, ফুটপাথের দোকান চলতে দেয়া যাবে না।
- ১৭) নগরীতে কয়েকটি বাস টার্মিনাল করতে হবে। নগরীর বাইরে নগর বাস রাখার ডিপো ও টার্মিনাল করতে হবে যেন নগরীর রাস্তায় রাতে বাস থামিয়ে রাখতে না হয়। যে কোন স্থানে পার্কিং পুরো নিষিদ্ধ করতে হবে।

গৃহায়ন বিনির্মাণে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

সংকলনে : মোঃ মনিরুল হুদা^১
অনিমেঘ সোম^২

বাংলাদেশের সংবিধান অনুযায়ী বাসস্থানের অধিকার জনসাধারণের অন্যতম মৌলিক অধিকার। জনসাধারণের অন্যতম এই মৌলিক অধিকারের চাহিদা পূরণ করতে সরকারের কার্যবিধিমালা-১৯৯৬ অনুযায়ী গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় নিরন্তর কাজ করে চলেছে। জনসাধারণের ভূমির ও গৃহায়নের অধিকার নিশ্চিত করার লক্ষ্যে জাতীয় গৃহায়ন নীতিমালা(মুল-১৯৯৩ ও সংশোধিত ১৯৯৯) আধুনিকায়ন ও হালনাগাদ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রস্তাবিত নীতিমালায় নগর ও গ্রামীণ এলাকার অব্যবহৃত বাস ও পতিত জমি নিয়ে ভূমি ব্যাংক সৃষ্টির বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে। জাতীয় উন্নয়ন পরিকল্পনায় গৃহায়নকে একটি অর্থনৈতিক খাত হিসেবে চিহ্নিত করে গৃহায়ন কার্যক্রমে অর্থায়ন পদ্ধতিকে সহজীকরণসহ এ খাতে পিপিপি পদ্ধতিকে উৎসাহিত করার প্রস্তাব রাখা হয়েছে। স্বল্প আয়ের ভোক্তাদের জন্য গৃহ ঋণ কর্মসূচির আওতায় গৃহায়ন তহবিল সৃষ্টির বিধান রাখা হয়েছে। সরকারি গৃহায়ন সংস্থাদ্বলোকে নির্মাতার ভূমিকা থেকে ক্রমান্বয়ে সহায়কের ভূমিকা পালনের বিষয়টি সন্নিবেশ করা হয়েছে। ভবনের মান ও নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে জাতীয় বিল্ডিং কোড (BNBC) যথাযথ অনুসরণ, অগ্নি প্রতিরোধ ও নির্বাচন আইন-২০০৩ এর প্রয়োগ এবং অকুপেঙ্গি সার্টিফিকেট বাধ্যতামূলক করা হয়েছে। লাগসই প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে গৃহায়ন সেবা নিশ্চিত করার লক্ষ্যে গবেষণা ইউনিট স্থাপনের বিধান রাখা হয়েছে। এছাড়াও গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন সংস্থাসমূহ কর্তৃক ঢাকা ও চট্টগ্রাম মহানগরীসহ সারাদেশের জেলা ও উপজেলায় স্বল্প ও মধ্যম আয়ের জনসাধারণসহ সকল শ্রেণীর মানুষের জন্য গৃহায়ন সুবিধা তৈরীর লক্ষ্যে ইতোমধ্যে উল্লেখযোগ্যসংখ্যক প্লট ও ফ্ল্যাট তৈরী করা হয়েছে এবং প্লট ও ফ্ল্যাট তৈরীর কাজ অব্যাহত/চলমান রয়েছে।

সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রার (এমডিজি) সময়সীমা ২০১৫ সালে সমাপ্ত হওয়ার পরিপ্রেক্ষিতে সারা বিশ্বে উন্নয়নের দর্শন হিসেবে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) নির্ধারণ করা হয়েছে এবং এটাকে সামনে রেখে বিভিন্ন উন্নয়ন কার্যক্রম গৃহীত হচ্ছে। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার ১৭টি লক্ষ্যের মধ্যে একাদশতম লক্ষ্য মানব বসতি বিষয়ক এবং এ লক্ষ্যমাত্রা অর্জনে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ভূমিকা অপরিহার্য।

ভিশন

পরিকল্পিত নগর; নিরাপদ ও সশ্রয়ী আবাসন।

মিশন

সুষ্ঠু পরিকল্পনা ও গবেষণার মাধ্যমে জমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে দেশের স্বল্প ও মধ্যম আয়ের মানুষের জন্য টেকসই, নিরাপদ ও সশ্রয়ী আবাসন, পরিকল্পিত নগরায়ন এবং সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ পরিদপ্তর/ সংস্থার জন্য আধুনিক সুযোগ-সুবিধাসম্পন্ন অবকাঠামো নির্মাণ।

প্রধান কার্যাবলি:

১. সরকারি ভবন ও অন্যান্য অবকাঠামোর স্থাপত্য ও কাঠামোগত নকশা প্রণয়ন, নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ;
২. পরিকল্পিত আবাসন খাত বিকাশের লক্ষ্যে নীতিমালা, আইন-বিধি সংশোধন ও প্রণয়ন;
৩. ভূমির সুষ্ঠু ব্যবহার ও উন্নয়নের মাধ্যমে পরিকল্পিত নগরায়ন;
৪. সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের জন্য আবাসন;
৫. স্বল্প ব্যয়ে সকল নাগরিকদের জন্য আবাসন;
৬. নগরায়ন, গৃহায়ন, স্থাপনা নির্মাণ, নির্মাণ সামগ্রী ও কল্যাকৌশল ইত্যাদি বিষয়ে গবেষণা ও প্রযুক্তি উদ্ভাবন;
৭. মন্ত্রণালয়ের আওতাধীন ভূমি ও পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা;
৮. নগরায়ন এবং আবাসন সমস্যা সমাধানে বেসরকারি খাতকে সম্পৃক্তকরণে উৎসাহ প্রদান ও সুযোগ সৃষ্টি করা।

^১ উপ-সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

^২ সহকারী প্রধান, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়



মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর, পরিদপ্তর, দপ্তর ও সংস্থাসমূহ:

- | | |
|--------------------------------|-------------------------------------------|
| ১) গণপূর্ত অধিদপ্তর | ৭) রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ |
| ২) স্থাপত্য অধিদপ্তর | ৮) খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ |
| ৩) নগর উন্নয়ন অধিদপ্তর | ৯) হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট |
| ৪) জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | ১০) অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর |
| ৫) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ | ১১) সরকারি আবাসন পরিদপ্তর এবং |
| ৬) চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ | ১২) কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ |

সারাদেশ ব্যাপী জনসাধারণের গৃহায়ন/আবাসন চাহিদা মেটাতে এ মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহ ঢাকা ও চট্টগ্রাম মহানগরীসহ সারাদেশে আবাসন সুবিধা সৃষ্টির লক্ষ্যে কাজ করছে। মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের মধ্যে গণপূর্ত অধিদপ্তর ঢাকা ও চট্টগ্রাম মহানগরীতে সরকারী কর্মকর্তাদের জন্য আবাসিক ফ্ল্যাট নির্মাণের কাজ করছে। এছাড়াও জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ সারাদেশে, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ ও খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ স্ব-স্ব আওতাভুক্ত এলাকার জন্য প্রুট ও ফ্ল্যাট নির্মাণ করে।

মন্ত্রণালয়ের আওতাধীন অন্যান্য সংস্থাসমূহের মধ্যে স্থাপত্য অধিদপ্তর সকল সরকারি আবাসন এবং অনেক ক্ষেত্রে বেসরকারি আবাসনের ক্ষেত্রেও মনোরম এবং আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত স্থাপত্য নকশা প্রস্তুত করে থাকে। পরিকল্পিত গৃহায়ন ও আবাসন ব্যবস্থা সৃষ্টির লক্ষ্যে নগর উন্নয়ন অধিদপ্তর ৪টি মেট্রোপলিটন শহর উন্নয়ন কর্তৃপক্ষের নিয়ন্ত্রিত এলাকা বহির্ভূত সকল নগর এলাকার মাস্টার প্ল্যান প্রণয়নের জন্য দায়িত্বপ্রাপ্ত। হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট দেশজ নির্মাণ উপকরণের মাধ্যমে ভবন নির্মাণ, ভবন নির্মাণের ক্ষেত্রে মান নিয়ন্ত্রণে সংশ্লিষ্টদের উৎসাহ প্রদান, গৃহায়ন প্রযুক্তি, ভবন নির্মাণের পরিকল্পনা ও ডিজাইন এবং রক্ষণাবেক্ষণ পদ্ধতি উন্নয়নে উদ্যোগ গ্রহণ এবং পাইলট প্রকল্প গ্রহণের মাধ্যমে ভবন নির্মাণে সশস্ত্রী নতুন উপকরণ ও প্রযুক্তি উদ্ভাবন করার ক্ষেত্রে অক্লান্ত প্রচেষ্টা অব্যাহত রেখেছে।

মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক গৃহীত আবাসন সমস্যা সমাধানে প্রুট উন্নয়ন ও ফ্ল্যাট নির্মাণ কার্যক্রমসমূহ:

- রাজউকের নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন পূর্বাচল নতুন শহর, উত্তরা তৃতীয় পর্ব এবং ঝিলমিল প্রকল্পে বরাদ্দগ্রহীতাদের মধ্যে প্রায় ২১ হাজার প্রুট হস্তান্তর করা হয়েছে।
- জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ দেশের বিভিন্ন এলাকায় ৩ হাজার ৩৪টি প্রুট উন্নয়ন করেছে।
- চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ এবং রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ চট্টগ্রাম ও রাজশাহীতে ৩ হাজার ৫৪৭টি আবাসিক প্রুটের উন্নয়ন কাজ শেষ করেছে।
- জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ দেশের বিভিন্ন এলাকায় ১৬১০ টি ফ্ল্যাট নির্মাণ করেছে।
- খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ ও রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ খুলনা ও রাজশাহীতে ১ হাজার ১৫৯টি আবাসিক প্রুটের উন্নয়ন কাজ বাস্তবায়ন করছে।
- স্বল্প ও মধ্যআয়ের জনগোষ্ঠীর আবাসন সমস্যার সমাধানকল্পে উত্তরা তৃতীয় পর্বের ১৮ নম্বর সেক্টরে এ্যাপার্টমেন্ট প্রকল্পের আওতায় ২১০.৯৩ একর জমিতে এ ব্লকে বিভিন্ন আয়তনের ৬৬৩৬টি ফ্ল্যাট নির্মাণের কাজ চলছে। বি ও সি ব্লকে ৮৪০০টি এ্যাপার্টমেন্ট নির্মাণের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।
- বর্তমানে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতায় চলমান প্রকল্পসমূহের মধ্যে ২১টি ফ্ল্যাট প্রকল্পে ৫৮৪৩টি ফ্ল্যাট এবং ১৯টি প্রুট প্রকল্পে ৩২৭৬টি প্রুট তৈরি করা হবে।

মাননীয় মন্ত্রীবর্গ, সুপ্রিম কোর্টের মাননীয় বিচারপতি এবং সরকারি কর্মকর্তাদের বাস ভবন নির্মাণ:

- ঢাকার বেইলী রোডে মাননীয় মন্ত্রীবর্গের জন্য ৫৯৭৬ বর্গফুটবিশিষ্ট ১০ টি ফ্ল্যাটের নির্মাণকাজ আরম্ভ হয়েছে।
- সুপ্রিম কোর্টের মাননীয় বিচারপতিগণের জন্য ২০তলা ভবনে ৩,৫০০ বর্গফুটবিশিষ্ট ৭৬টি ফ্ল্যাট নির্মাণের কাজ সমাপ্তির পর্যায়ে রয়েছে।
- ঢাকার ইন্সটানে সিনিয়র সচিব, সচিব ও গ্রেড-১ পদমর্যাদার কর্মকর্তাদের জন্য ৩৪৫০ বর্গফুটের ১১৪ টি ফ্ল্যাট নির্মাণের কার্যক্রম শুরু হয়েছে।

- গণপূর্ত অধিদপ্তর কর্তৃক জাতীয় সংসদ সচিবালয়ের কর্মকর্তা-কর্মচারীদের জন্য শেরেবাংলা নগরে ৪৪৮টি ফ্ল্যাট, ঢাকা শহরে কর্মরত সরকারি কর্মকর্তা-কর্মচারীদের আবাসন সংকট নিরসনে গণপূর্ত অধিদপ্তর ঢাকার আজিমপুর সরকারি কলোনি, মতিঝিল সরকারি কলোনি, ঢাকার মিরপুর ৬ নম্বর সেকশন, মিরপুর পাইকপাড়া, মালিবাগ, ইস্কাটন ও নারায়ণগঞ্জের আলীনগরে ০৭ টি প্রকল্পের আওতায় ৪ হাজার ৭৬ টি ফ্ল্যাট নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে।
- ঢাকার মোহাম্মদপুর স্যার সৈয়দ রোডে গণপূর্ত অধিদপ্তর ১৪/৩৫ নম্বর পরিত্যক্ত বাড়িতে সরকারি কর্মকর্তাদের জন্য আবাসিক ফ্ল্যাট এবং ১৩/৬ পরিত্যক্ত বাড়িতে ১,৫০০ বর্গফুটের ২৮টি ফ্ল্যাট নির্মাণ করেছে।
- গণপূর্ত অধিদপ্তর গুলশান, ধানমন্ডি ও মোহাম্মদপুর এবং চট্টগ্রাম শহরে সরকারি কর্মকর্তাদের জন্য ৯৭৮টি সরকারি আবাসিক ফ্ল্যাট ও ৮০টি ডরমিটরি ভবন নির্মাণের উদ্যোগ গ্রহণ করেছে।

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের উল্লেখযোগ্য চলমান প্রকল্পের মধ্যে রয়েছে মিরপুর ৯ নং সেকশনে ১০৪০টি ফ্ল্যাট, মিরপুর ১৫নং সেকশনে সরকারি কর্মকর্তাদের জন্য ৫২০টি ফ্ল্যাট, মোহাম্মদপুর এফ ব্লকে ৯০০টি ফ্ল্যাট, চট্টগ্রামে ২১৬টি ফ্ল্যাট, বগুড়ায় ১৩৫টি, দিনাজপুরে ৭২টি, সিলেটে ৮৮টি, কক্সবাজারে ৫৭৫টি এবং যশোরে ১৪৪টি ফ্ল্যাট নির্মাণ প্রকল্প এবং চট্টগ্রামের রাউজানে ২টি প্রকল্পে ৪৯৬টি, মিরসরাই এ ২টি প্রকল্পে ৩৫৪টি, রাজশাহীতে ৫৮টি, চাঁপাইনবাবগঞ্জে ২২০টি, নড়াইলে ১৭৯টি প্রট উন্নয়ন প্রকল্প প্রভৃতি। ইতোমধ্যে ঢাকার লালমাটিয়ায় সরকারি কর্মকর্তাদের জন্য ১৮২টি ফ্ল্যাট, ঢাকার মিরপুরে সরকারি কর্মকর্তাদের জন্য ৩৬০ ফ্ল্যাট, চট্টগ্রামের হালিশহরে ১০৮টি ফ্ল্যাট, গোপালগঞ্জ জেলা সদরে ২৪৩ প্রট, মাদারিপুর জেলার শিবচর উপজেলায় ৫৩৩টি প্রট এবং কুষ্টিয়া জেলা সদরে ১০৫০টি প্রট উন্নয়নের কাজ সমাপ্ত হয়েছে।

টেকসই গৃহায়ন তথা আবাসন সুবিধা নিশ্চিত করার লক্ষ্যে এ মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক গৃহীত কার্যক্রমসমূহ নিম্নরূপ:

- ভূমিকম্পজনিত প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা এবং ক্ষয়ক্ষতি হ্রাসের লক্ষ্যে 'জাইকা'র সহায়তায় Capacity Development on National Disaster Resilience Techniques Construction & Retrofitting for Public Buildings শীর্ষক প্রকল্প বাস্তবায়ন কাজ শেষ হয়েছে। প্রকল্পের আওতায় মডেল হিসেবে তেজগাঁও এলাকায় ফায়ার স্টেশন সার্ভিস সেন্টারের রেট্রোফিটিং-এর কাজ শেষ হয়েছে।
- পরিবেশ বান্ধব, নিরাপদ ও স্বীকৃত ইমারত নির্মাণের লক্ষ্যে Bangladesh National Building Code সংশোধনপূর্বক যুগোপযোগীকরণের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে।
- পরিবেশবান্ধব ও লাগসই প্রযুক্তি আবিষ্কারের জন্য গ্রামীণ গৃহায়নে ফেরোসিমেট প্রযুক্তি ব্যবহার, ইটের বিকল্প উদ্ভাবন এবং প্রাকৃতিক দুর্যোগ সহনীয় বাড়ি নির্মাণ প্রযুক্তির বিষয়ে গবেষণা কার্যক্রম চলছে।
- বরিশাল ও সিলেট বিভাগীয় শহর, কক্সবাজার থেকে টেকনাফ সি বিচ পর্যন্ত এলাকা, খুলনা মহানগরী, মংলা ও তদসংলগ্ন এলাকা ও মাদারিপুর ও রাউজার উপজেলার মহাপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।
- ময়মনসিংহ শহর ও সংলগ্ন এলাকা এবং দেশের ১৪টি উপজেলায় মহাপরিকল্পনা প্রণয়ন সমাপ্তির পথে।
- বেনাপোল-যশোর পর্যন্ত হাইওয়ে করিডোর এলাকার গ্র্যাকশন এরিয়া প্র্যানের কাজ চলছে। এছাড়া কম্পিউনিসিভ ডেভেলপমেন্ট প্র্যান অব দি হোল কন্ট্রি এবং রংপুর ও কুষ্টিয়া এলাকার মহাপরিকল্পনা প্রণয়নের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।
- ঢাকার বিদ্যমান ডিটেইন্ড এরিয়া প্র্যান (ড্যাপ) রিভিউ করে আরো বাস্তবসম্মত, সময়োপযোগী করে ২০১৬-২০৩৫ মেয়াদি পরিকল্পনা প্রণয়ন করা হচ্ছে।

পরিশেষে এ কথা বলা যায় যে, দেশের সীমিত সম্পদের সৃষ্টি ব্যবহারের লক্ষ্যে ভূমির সৃষ্টি ব্যবহার নিশ্চিতকরণ, গবেষণা ও পরিকল্পিত নগরায়নের মাধ্যমে দেশের মানুষের জন্য স্বল্পবয়সে টেকসই ও নিরাপদ গৃহায়ন তথা আবাসনের ব্যবস্থার মাধ্যমে একটা সুখী, সমৃদ্ধশালী বাংলাদেশ গড়ার কাজে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ও এর নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর, দপ্তর, পরিদপ্তর ও সংস্থাসমূহ বিশ্ব বসতি দিবসের উদ্দেশ্যের সাথে সঙ্গতি রেখে নিরলসভাবে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

গৃহায়নই
উন্নয়নের
কেন্দ্র



ফটো এ্যালবাম
গৃহায়নে এদেশ সেদেশ



শের-ই-বাংলা নগর আবাসিক এলাকা, ঢাকা



গুলশান-১ আবাসিক এলাকা, ঢাকা



খিলক্ষেত আবাসিক এলাকা, ঢাকা



ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা, ঢাকা

গৃহমানে বাংলাদেশে



গৃহায়নে বাংলাদেশ



ন্যাম পার্টেন আবাসিক এলাকা মিরপুর, ঢাকা



চট্টগ্রাম শহরের আবাসিক এলাকার একাংশ



ঢাকা শহরের আবাসিক এলাকার একাংশ



হাদিসপার্ক সংলগ্ন আবাসিক এলাকা, খুলনা



ওটাচ আবাসিক এলাকা, ব্ল্যাক ফরেস্ট, জার্মানী



ট্রেভিসো আবাসিক এলাকা, ইতালী

অন্য দেশে গ্রহণ

স্বপ্ন দেখে গঠমান



সুবাহজয়া আবাসিক এলাকা, মালয়েশিয়া



মনস্ট্রো আবাসিক এলাকা, সুইজারল্যান্ড



সম্পাদক :

মোঃ আখতার হোসেন

অতিরিক্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

সম্পাদনা পরিষদ :

ড. নুরুল ইসলাম নাজেম

সাম্পাদনিক সচিব, নগর গবেষণা কেন্দ্র, ঢাকা

ও অধ্যাপক, ভূগোল ও পরিবেশ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

ড. মোঃ মাকসুদুর রহমান

অধ্যাপক, ভূগোল ও পরিবেশ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

ড. আফসানা হক

অধ্যাপক, আরবান এন্ড রিজিওনাল প্ল্যানিং

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

মোঃ ফাহিমুল ইসলাম

উপ-সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

মোঃ মনিরুল হুদা

উপ-সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

প্রচ্ছদ :

নজরুল ইসলাম (বাদল)

প্রকাশনা :

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

আলোকচিত্র :

মোঃ ফাহিমুল ইসলাম

এর কাঙ্ক্ষিত সংগ্রহ ও সংপৃষ্ঠিত

কৃতজ্ঞতা স্বীকার :

রিয়েল এস্টেট এন্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (REHAB)

প্রকাশকাল :

অক্টোবর ২০১৬

মুদ্রণে :

পান্ডুহি কালার গ্রাফিকস্

ডোমাইল : ০১৭১৬ ৮০৯০৯৬

সম্পাদনা পরিষদ

বিশ্ব বসতি দিবস ২০১৬
উদযাপন কমিটি





প্রধান পৃষ্ঠপোষক
ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন এম.পি.
মাননীয় মন্ত্রী
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

সার্বিক তত্ত্বাবধানে
জনাব মোঃ শহীদ উল্লাহ খন্দকার
সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

উদ্বোধনী অনুষ্ঠান বাস্তবায়ন উপ কমিটি

১।	জনাব মোঃ আখতার হোসেন অতিরিক্ত সচিব (প্রশাসন), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা	আহবায়ক
২।	বেগম আলপনা চাকমা অতিরিক্ত প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা।	সদস্য
৩।	জনাব মোহাম্মদ আবু সাদেক পিইএ পরিচালক, এইচ বি আর আই, ঢাকা	সদস্য
৪।	জনাব মোঃ রফিকুল ইসলাম সদস্য, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, ঢাকা	সদস্য
৫।	জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা গণপূর্ত জোন, ঢাকা	সদস্য
৬।	জনাব মোঃ মনিরুজ্জামান হুগুসচিব (প্রশাসন), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা	সদস্য
৭।	মিসেস নার্সিস তানজিমান আরা প্রধান নগর স্থপতি, রাজউক	সদস্য
৮।	জনাব মোঃ ফাহিমুল ইসলাম উপ সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	সদস্য
৯।	ড. খুরশীদ জাবীন হোসেন তৌফিক পরিচালক (চলতি দায়িত্ব), নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা	সদস্য
১০।	জনাব মোঃ ফারুক হোসেন সহকারী অধ্যাপক, ভূগোল ও পরিবেশ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়	সদস্য
১১।	জনাব শওকত উল্লাহ নির্বাহী প্রকৌশলী, নগর গণপূর্ত বিভাগ, ঢাকা	সদস্য
১২।	মোসাঃ সুরাইয়া বেগম উপ-সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	সদস্য



১৩। জনাব মোঃ লোকমান হোসেন
সিনিয়র সহকারী সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

সদস্য

১৪। জনাব মোঃ মনিরুল হুদা
উপ সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

সদস্য সচিব

বাণী সংগ্রহ ও ক্রোড়পত্র প্রকাশনা সংক্রান্ত উপ কমিটি

১। জনাব মোঃ ইমরুল চৌধুরী
যুগ্ম সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

আহ্বায়ক

২। জনাব মোঃ আশরাফ আলী আখন্দ
নগর পরিকল্পনাবিদ (পরিকল্পনা প্রণয়ন), রাজউক, ঢাকা

সদস্য

৩। জনাব শাহাদাত হোসেন
উপ প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা

সদস্য

৪। স্থপতি সালমা এ শফী
কেন্দ্রাধ্যক্ষ, নগর গবেষণা কেন্দ্র, ঢাকা

সদস্য

৫। জনাব মোঃ লিয়াকত আলী ভূঁইয়া
ভাইস প্রেসিডেন্ট, রিহাব

সদস্য

৬। জনাব মোঃ ফাহিমুল ইসলাম
উপ সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

সদস্য

৭। জনাব আব্দুল আলীম খান
উপ সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা

সদস্য সচিব

সেমিনার বাস্তবায়ন উপ কমিটি

১। ড. খুরশীদ জাবিন হোসেন তৌফিক
পরিচালক (চলতি দায়িত্ব), নগর উন্নয়ন অধিদপ্তর

আহ্বায়ক

২। জনাব মোহাম্মদ আবু সাদেক পিইজ
পরিচালক, এইচ বি আর আই, ঢাকা

সদস্য

৩। জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম
অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা গণপূর্ত জোন, ঢাকা

সদস্য

৪। ড. আদিল মুহাম্মাদ খান
যুগ্ম সম্পাদক, বাংলাদেশ ইনস্টিটিউট অব প্র্যানার্স

সদস্য

৫। জনাব জহির আহমেদ
সদস্য, বোর্ড অব ডিরেক্টরস, রিহাব

সদস্য

৬। জনাব মোস্তফা কাইউম খান
সেন্টার ফর আরবান ফোরাম

সদস্য

৭। ড. আফসানা হক
অধ্যাপক, আরবান এন্ড রিজিওনাল প্র্যানিং, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

সদস্য



৮।	ড. মোঃ মাকসুদুর রহমান অধ্যাপক, ভূগোল ও পরিবেশ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়	সদস্য
৯।	জনাব মোঃ সাইফুল ইসলাম কোয়ালিশন ফর দ্যা আরবান পুওর	সদস্য
১০।	জনাব শহীদ মোঃ কবির তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ	সদস্য
১১।	জনাব আ.স.ম আমিনুর রহমান উপ প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা	সদস্য
১২।	জনাব মোঃ আখতারুজ্জামান ইউএন হ্যাবিটেট এর বাংলাদেশ প্রতিনিধি	সদস্য
১৩।	বেগম ফারহানা শারমীন ইমু সেমিনার ও সম্মেলন বিষয়ক সম্পাদক, বাংলাদেশ ইনস্টিটিউট অব আর্কিটেক্চস	সদস্য
১৪।	জনাব আহমেদ আকতারুজ্জামান সিনিয়র প্র্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর	সদস্য সচিব

স্মরণিকা প্রকাশ উপ কমিটি

১।	জনাব মোঃ আখতার হোসেন অতিরিক্ত সচিব (প্রশাসন), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা	আহ্বায়ক
২।	ড. নুরুল ইসলাম নাজেম সাম্প্রদায়িক সচিব, নগর গবেষণা কেন্দ্র, ঢাকা	সদস্য
৩।	জনাব মোঃ আকতার হোসেন সরকার সিনিয়র রিসার্চ অফিসার, এইচ বি আর আই, ঢাকা	সদস্য
৪।	জনাব জহির আহমেদ বোর্ড অব ডিরেক্টরস, রিহ্যাব	সদস্য
৫।	জনাব স.ম. গোলাম কিবরিয়া জনসংযোগ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা	সদস্য
৬।	জনাব নূর শাহরিয়ার বিন রহমান সহকারী স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা	সদস্য
৭।	জনাব মুহাম্মদ আরিফুল ইসলাম প্রাক্তন যুগ্ম সম্পাদক, বাংলাদেশ ইনস্টিটিউট অব প্র্যানার্স	সদস্য
৮।	বেগম ফারহানা শারমীন ইমু সেমিনার ও সম্মেলন বিষয়ক সম্পাদক, ইনস্টিটিউট অব আর্কিটেক্চস	সদস্য
৯।	বেগম ইশরাত জাহান রিসার্চ অফিসার, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা	সদস্য
১০।	ড. ফাতিমা আক্তার প্রভাষক, ভূগোল ও পরিবেশ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়	সদস্য
১১।	জনাব মোঃ মনিরুল হুদা উপসচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	সদস্য



- ১২। ড. আফসানা হক
অধ্যাপক, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা
- ১৩। জনাব মোঃ ফাহিমুল ইসলাম
উপসচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

সদস্য

সদস্য সচিব

প্রচার বাস্তবায়ন উপ কমিটি

- ১। জনাব মোঃ মনিরুজ্জামান
যুগ্ম সচিব (প্রশাসন), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা
- ২। জনাব স.ম. গোলাম কিবরিয়া
জনসংযোগ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা
- ৩। জনাব মোঃ মাহফুজ্জার রহমান
প্রোগ্রাম ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন
- ৪। জনাব মোঃ নাজমুল হুদা
উপ পরিচালক, বাংলাদেশ বেতার
- ৫। জনাব মোঃ লিয়াকত আলী জুইয়া
ভাইস প্রেসিডেন্ট, রিহাব
- ৬। জনাব আব্দুল আলীম খান
উপ সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা
- ৭। বেগম সাপরিকা নাসরিন
উপ সচিব, তথ্য মন্ত্রণালয়
- ৮। জনাব নূর আলম
সিনিয়র সহকারী সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা

আহ্বায়ক

সদস্য

সদস্য

সদস্য

সদস্য

সদস্য

সদস্য

সদস্য সচিব

র্যালি বাস্তবায়ন উপ কমিটি

- ১। জনাব খন্দকার আখতারুজ্জামান
চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা
- ২। জনাব মোঃ মনিরুজ্জামান
যুগ্ম সচিব (প্রশাসন), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা
- ৩। খোন্দকার রেবেকা সানইয়াৎ
কোয়ালিশন ফর দি আরবান পুওর
- ৪। জনাব তৌফিকুল আলম
কার্যনির্বাহী পরিষদ সদস্য, বাংলাদেশ ইনস্টিটিউট অব প্র্যানার্স
- ৫। জনাব মোঃ লিয়াকত আলী জুইয়া
ভাইস প্রেসিডেন্ট, রিহাব
- ৬। জনাব মোঃ আব্দুস সাত্তার
উপবিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর

আহ্বায়ক

সদস্য

সদস্য

সদস্য

সদস্য

সদস্য



৭।	জনাব মোঃ কামরুল হাসান সোহাগ উপ পরিচালক, রাজউক	সদস্য
৮।	জনাব খবির উদ্দিন আহমেদ অর্থনীতিবিদ, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা	সদস্য
৯।	জনাব এস.এম. শফিকুর রহমান উপ প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর	সদস্য
১০।	ড. ফাতিমা আক্তার প্রভাষক, ভূগোল ও পরিবেশ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা	সদস্য
১১।	জনাব মোঃ নূরুল ইসলাম পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, ঢাকা	সদস্য সচিব

প্রদর্শনী বাস্তবায়ন উপ কমিটি

১।	জনাব মোহাম্মদ আবু সাদেক পিইজ পরিচালক, হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট, ঢাকা	আহ্বায়ক
২।	জনাব মোঃ রফিকুল ইসলাম উপ সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা	সদস্য
৩।	জনাব খবির উদ্দিন আহমেদ অর্থনীতিবিদ, নগর উন্নয়ন অধিদপ্তর	সদস্য
৪।	বেগম উম্মে জহুরা মৌসুমী সহকারী প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, ঢাকা	সদস্য
৫।	মীর মনজুরুর রহমান উপ-প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর	সদস্য
৬।	জনাব মোঃ সিরাজুল ইসলাম প্রধান নগর পরিকল্পনাবিদ, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ	সদস্য
৭।	জনাব মোঃ আবু ইসা আনছারী নগর পরিকল্পনাবিদ, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ	সদস্য
৮।	জনাব রাহেনুল ইসলাম রনি সহকারী নগর উন্নয়ন পরিকল্পক, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ	সদস্য
৯।	জনাব জি এম মাসুদুর রহমান সিনিয়র বৈষয়িক অফিসার, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ	সদস্য
১০।	প্রকৌশলী মোঃ আখতারুজ্জামান এইচ বি আর আই, ঢাকা	সদস্য সচিব



জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তুবায়নশীল প্রকল্পের আলোক চিত্র



সরকারী কর্মকর্তাদের জন্য দাপনমাটিয়া ১৩২ ট্রাট প্রকল্পের ভিত্তি স্থাপন করছেন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন এম পি, সঙ্গে উপস্থিত ছিলেন জনাব আবুল কালাম আজাদ, মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় এবং জনাব খন্দকার আবতাকরজামান, চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ



মোহান্দপুর এফ ট্রাঙ্কে (১৩০ ট্রাট) নির্মাণ প্রকল্প



হালদিশহর নির্মাণাধীন হাউসিং এস্টেট, চট্টগ্রাম





